ভূমিকা ৷

এতদেশীয় বালকাদি সমস্ত মনুহা মণ্ডলী ভেজব জি কারকদিগোর চতুরতা দ্বারা বছবি্ধ[ি]কেত্রিক দর্শনে মুগ্ধ এবং। চমৎকার জ্ঞান করিয়া পরম উল্লাসিত ইওত অনির্বাচনীয় প্রীতিলাভ করেন, আর সামান্য ব্যক্তিবর্গ তাহাদিগের ব্লদ্ধ প্রস্পরায় সহজেই তাহাদের কুহকে পতিত হইয়া জ্ঞান করিয়া অপদতেচেন যে অবশ্য কোন এশিক শক্তি বা মতে বল ভিন্ন এরপ কার্যা সম্পাদন হওয়া অতিশয় স্কুক্টিন, আর কিরুপে এবস্তাকার মায়িক ব্যাপার অর্থাৎ ভেল্কী হয় তাহার কারণারসন্ধানে অত্যন্ত অভিলবীত হয়েন, কিন্তু অধুনা ঐরপ রাসায়নিক ও দৃষ্টিভ্রমজনক মায়া-বিদ্যা সম্বন্ধীয় অস্মদাদি কর্তৃক কেতিক তরন্ধিণী নামক ক্ষুদ্র পুস্তক ভিন্ন অন্ত কোন উত্তম এন্থ না থাকাতে তত্তাবৎ রত্তান্ত দর্শন এবং অবগত হওনের স্পৃহায় মর্মার্থি মনুষ্য মওলীর মনের ব্যপ্রতাই সর্ম্বদা রদ্ধি হয়। অতএব আমি দেশকাল পাত্র প্রভেদে বিবিধ চিন্তায় স্মচতুর বালক রুদের হিতার্থে ও অজ্ঞ ব্যক্তিদিগের মন্ত্রাদিতে গাঢ় বিশ্বাস ও কু সংস্কার দূরকরণের নিমিত্তে ভরসায় ভর করত যথা সাধ্য বৃদ্ধি ক্রমে প্রচর যত্ন ও পরিশ্রম পূর্বক ইংলওীয় ও হিন্দি ভাষায় ভাষিত প্রদিদ্ধ গ্রন্থ হইতে ও অন্যান্য স্থপারক বাজিকর এবং বন্ধবর্শের সমীপে উৎক্লফ্ড অথচ স্বস্প ব্যয় সাধ্য সহজ সহজ পরীক্ষা সমস্ত প্রায়ুকর্তার নাম সহিত বহু যতু ও অবুসন্ধানে পরিশ্রম করত সংস্কলন পুরঃসর কতকগুলি স্বয়ং পরীক্ষা করিয়া সর্ব্বসাধারণের বোধগম্য নিমিত্তে অতি সরল ভাষায় মনোহর দর্পণ নামক এন্তের প্রথমভাগ প্রস্তুত করিয়া আদে প্রকাশ করিলাম: ইহাতে রাসায়নিক অর্থাৎ কিমিয়া সম্বন্ধীয় এবং দৃষ্টি ভ্রমজনক মারা বিজ্ঞা ঘটিত নানাবিধ অত্যাশ্চর্য্য কৌতৃক অর্থাৎ ভোজবাজি বৈর্ক্তিজনক অঙ্ক, তাস ক্রীড়া প্রভৃতি ও সেই সকল সম্পাদনের কোশন বিশেষ রূপে বর্ণিত হইয়াছে । আর দ্বিতীয়ভাগে, প্রাক্তমায়া বিদ্যা, পদার্থ বিজ্ঞান, বারু বিজ্ঞান, রাসায়ন অর্থাৎ কিমিয়া বিদ্যা, মন্ত্র বিদ্যা, শিশ্প বিদ্যা, আত্যন্ত আনন্দজনক পরীক্ষা প্রভৃতি থাকিবে।

এই পুস্তকের লিখিত পরীক্ষা গুলিতে যে যে ইংর জীবস্তুর নাম আছে, বাঙ্গালা ভাষায় ঐ সকলের প্রতিযোগী শব্দ এবং অর্থ সংক্ষেপে প্রকাশ করিবার কোন উপায় না ধাকাতে তদ্ভাবাতেই রহিল; দিতীর খণ্ডের প্রান্তভাগের দীকাতে সাধ্যানুসারে একরে লিখা যাইবে।

অপিচ মুদ্রাযন্ত্রে গোলযোগ কিয়া অস্ফাদির ভ্রম বসত বা হউক যদি বর্ণাশুদ্ধ ও ভাবার্থের ব্যত্যয় হইয়া থাকে সেই সমস্ত দিতীয় ভাগ মুদ্রাঙ্কণ হইলে একেবারে শুদ্ধি পত্রে বাকিবে।

এইক্ষণে যে অভিপ্রায়ে মনোছর দর্পণের প্রথমভাগ প্রচারিত হইল, যদিম্মাৎ ধিমান পাঠক মহোদয়গণের বিবে-চনায় তাহা সম্পন্ন হইয়া থাকৈ, তাহা হইলে সকল সার্থক।

কোতুক তৈর দ্বিণী, জ্ঞানচন্দ্রিকা, কিলিকাতা ইউনিবারসিটি কোর্স) শব্দরভূবেলী প্রভৃতির গ্রন্থকার

কলিকাতা, চোরবাগান, ১নং মিত্রদ লেন, দেপ্টেম্বর ১৮৭০। শ্রীগোপালনাল মিত্র।



मृषी।

র†সায়নিক অর্থাৎ কিমিয়	া সম্বন্ধীয় মা	য়া বিদ্যা।	
			शृंखी
গলিত দীদাতে অঙ্গুলি ডুবাওন	· · · ·		2
জ্বলন্ত অঙ্গার ভক্ষণ			২
রাবলার রক্ষের কাঁটা সম্বলিত চ	ক্ৰিণ	•••	ર
কণ্টিকারি রক্ষের কাঁটা চর্ব্বণ			২
মুখের আঘাত ব্যতিরেকে কাঁতে	র বেবিল চৰ	র্বণ	ર
ঐ অক্তমতে			9
অগ্নি স্তম্ভ সতে			٥,8
নিতাগতি অর্থাৎ প্রস্তরকে ফঃ	ং সূৰ্∫য় ম ¦ন ব	F31	৬
ৰরফ হইতে অ'লো বাহির কর			9
মায়াময় অর্থাৎ ভেতিক ডিম্ব			5
বোতলের মধ্য হইতে অগ্নির গুট	টকা নিৰ্ <mark>যত হ</mark>	ওয়া	50
চাপনের দ্বারা অগ্নি উৎপন্ন কর	1		50
একটি কাঁচপাত্রে চতুরুতি দর্শাই	বার কৌশল		22
প্রশ্ন গণনা এবং লিখন ছার। ম	নের কথাবল	٠	52,50
জলে হাত ডুবাইলে জল না লা	भ		28
বোতলের কোতুক			20
মায়াকত চামচ্যা দ্বারা রহন্ত ক	রণ		34
কাম্য বোতন অর্থাৎ অভিনবি	ত পানীয় দ্র	ব্য একই	
োতল হইতে দেওৱা			5)

	4	र्का
তৈলের পরিবর্তে জল দিয়া প্রদীপ জ্বালা	•••	56
ভিজা প্রস্তর হইতে অগ্নি উৎপন্ন করণ	•••	25
আশ্চর্য্য অগ্নি যাহা জল দিলেও নির্ব্বাণ হয় না		२०
অগ্নি ভক্ষণ এবং উত্তপ্ত লেছি দণ্ড লেছন করা		၃e
কিবল এক লেছিত বৰ্ণজল পীত, লাল, ও ক্লফ বৰ্ণ,	ক্রণ	٤5
অগ্নির মুখদ		२२
আপেনার বাহুর তুল্য লেছি ভগ্নকরণ		२७
অনারানে জ্লনীয় পদার্থ জল দারা প্রজ্লিত করা	•••	२७
মৃত মক্ষিকাকে জীবিত করণ		\$8
চুণকে হরিজা বর্ণ করা	•••	၁၁
হস্ত দ্বারা স্পর্শ না করিয়া এক দ্রব দ্রব্যকে নীল	f	
লপ্ইলেক বৰ্ণ করণ	•••	৩৪
অগ্নির উপর নদির প্রতিরূপ দর্শাওন	•••	૭૪
বিনা অগ্নিতে অন্ন পাক করিবার কৌশল 💮		oa
গোলাপী, পীত, সবুদ্ধ, নীলবর্ণ মারাক্কত মনী	৩৮	ر د,
অতি মনে:হর কৌতুক	•••	3%
বরণের অগ্নি	•••	82
অগ্নির উত্তাপ দারাজল জমাট কর।	•••	82
হাত রুমালের উনান প্রস্তুত করা	•••	8\$
ষ্ঠণ দ্বারা জুইটা নিশ্রিত ধাতু ক্রব করণ 💮 \cdots	•••	80
নেরু ছেদন করিয়া শোণিত নির্যত করণ	•••	8¢
কোন মোকদ্দমার শুভাশুভ কহিবার পত্রাবলী কর	1	89
ভয়ানক মূর্ত্তি ধারণ কর।	•••	89
कारेन बराइव कारा के अवश कामकाविम सर्वन मोवा मुक	ক্রবণ	86

		পৃষ্ঠা
উক্ষ জলে অগু প্রজ্বলিত করা		86
অগ্নিতে বাসকারী ক্লকলাসের ন্যায় অগ্নি ভক্ষণ	করণ	άξ
অদৃশ্য গ্যাস দৃশ্য করিবার কৌশল		aa
পা ত হইতে অতি স্ক্রন্ধ এবং উজ্জল আলোকর	1	æ
একখাই স্বত্রে জ্বলত অন্ধার ব্রুলান	•••	৬৩
এক প্রকার ধাতু কাগজে করিয়া বাতির শিখায়	<u>গল†ন</u>	५१
বরফের বাতি প্রজ্ঞালিত করণ		७३
চুমৎকার চূর্ণ	•••	৬৭
অলেকিক মৃত্তিধারণ প্রবাক ভয় দর্শনে		₩
বিনা অগ্নিস্পর্শে স্পীরিট মদিরা প্রজ্জ্বলিত করণ	•••	96
ধনিজ বহুত্বপা প্রস্তুত করণের প্রক্রিরা 💮		90
সকল প্রকার পশ্চিকে বশীভূত করা		95
ভৌতিক সাবান প্রস্তুত করণের কৌশল		१२
ছাগ পটপটা অথবা পাতলা চর্মের মযক, বায়ূ	বিন1	
ক্ষীত করণ 🔐 🔐 🔐		ڼې
বস্ত্রোপরি অগ্নি ক্রীড়া দর্শ:ইবার কৌশল		98
জলোপরি অগ্লির ঘূর্ণারমান গতি		95
সভার সকল ব্যক্তির মূখ ভয়ানক দশ্মি	•••	٩
ছুই শীতন বস্তু দ্বারা অগ্নি প্রভুলিত করণ 🔐		99
তামাকু পাইপ দারা কামানের স্থায় শব্দ করা		ঐ
বিনা অগ্নিতে তরল বস্তু উত্তপ্ত করিয়া ফুটান		95
জলোপরি অগ্নির তরঙ্গ দর্শতিন	• • •	95
দ্রব্যাদি অগ্নিতে নিক্ষেপ করিলে দগ্ধ হয় না		40
এক কাঁচ পাতে এককালে তিবিধ বঙ দুৰ্শান		50

		পৃষ্ঠা
কাগজের মুচিতে ধাতু বস্তু দ্রব করা 🕠		৮8
জল জমান এবং পুনরায় দ্রব (পাতলা) করা	• • • •	B
নেরু উড়াইবার কেশিল		৮৫
বিনা অগ্নিতে জে:য়ারা শর্ব্য ভাজা	• • •	٦.
হস্তোপরি শর্যপ জন্ম ইবার কেশিল	•••	۶ 9
একরপ চুর্ণ কিবল বায়ৃ সংলগ্নে প্রজ্জলিত হয়	• • •	Ġ
নেকড়ার পুঁটলিতে এক ফেঁটো জল দিলে প্রস্থালিত	5 হয়	bb
শর্যাপরি অগ্নি ক্রীড়া	•••	À
ঝড় র্ফিতে প্রদীপ নির্বাণ না ছওয়া	• • •	حنط
কপোতের অতের খোসার উপরের লিখন ডিঘ যু	টেলে	
শ্বেকেয় গ তে প্রকাশ হওয়া		٩٩
জ্লমধ্যে অ শ্বেয় গিরি নির্মণে করণ		٨
ছুই ধাতু দ্রব্য সহজে মিশ্রিত এবং পৃথক করা		64
উত্তপ্ত জলে পূর্ণ টা ক্যাটেল বা হাঁছি হতে রাখা	• • •	27
এন্দ্রজালিক অণ্ড		३ द
হুই অদৃশ্য গন্ধযুক্ত ভাব্যকে দৃশ্যমান গন্ধহীন	এক	
দ্রব্য কর া		22
বস্ত্রোপরে হোম করণের কোশল	• • •	22
হাতে জ্বলন্ত অঞ্চার রাখিয়া ধুনা জ্বলাওন		22
র্প্র প্রকার।ন্তর		49
বিনা বাকদে কিবল জল দিয়া অগ্নির পটকা ছেঁ।ড়	1	22
কাগজে অগ্নিয় অক্ষর লিখিলে কাগজ দগ্ধ না হ	eয়1	202
জ্বন্ত কমাল মন্তকোপরি রাখা		5 o a
জীবিত পাক্ষী গ্ৰহে ভাজিলেও মরে মা		300

,,,	পৃষ্ঠা
জলদারা বাতি জ্বালাতন	30C
কোন লিপিকে প্রস্থলিত করিলে দগ্ধ হয় না	
রুত্রিম আলেয়া প্রস্তুত করণের প্রণালী	
A COLOR TO COLOR TO COLOR	
দৃষ্টি ভ্রমজনক মায়া বিদ্যা	
বউলাহীন কাঠ পাছুকা পারে দিয়া চলা	8,4,
একগাছে খড় দিয়া বোতল শূন্যে তোলা	α
দ্পিণের উপার ডিম্ব দণ্ডায়মান করণ \cdots \cdots \cdots	ঐ
হয়ং গমনক্ষ শুন্ত	9
ভৌতিক বোতল	٨
কোন পশ্চিকে মৃত প্রায় করিয়। পুন ঃ স ন্ধাব করা ···	54
মূর্ত্তির ছবি দৃশ্য এবং অদৃশ্য করা \cdots ··· ···	৯
ছেনন করা ফিতা বা লেশ যোড় দেওয়া	50
আজাকারী জলপাত্র প্রস্তুত করণ	₹8
আজাকারী ট্যাক ঘড়ি	\$8
আপেল ফল আস্ত রাখিয়া শাঁস খণ্ড২ করণ	२०
মে হিত করাজন	২৬
সজীব রূপ'র সিকি	રુ
এক খোরা কালী বর্ণ মংস্থ সহিত জল করা	२٩
আখাত ব্যতিরেকে নামিকাও ছস্তাদি ছেদন করণ	१५
রেশমের কমাল হইতে বাতাদা প্রভৃতি বাহির করা	৩১
পুস্রিণীর এক ঘাটে হুগ্ধ ঢালিয়া অন্য ঘাটে তোলা	৩২
কাঁচ পাত্রের উপর কাটি ভাঙ্গিবার কেশিল	0 0
বোলার করে অর্থাৎ থাটিকা মাচাক্র	12/4

		9	184
বিনা ক্লেশে মন্তকোপরি উনান রাখিয়া ভা	জা ভাঙ	Ħ	৩৭
হালকা কাষ্ঠ জল মধ্যে ডুবাইয়া রাখা			80
বধীরের শ্রবণ শক্তি ছওয়া		•••	88
পয়সা বা টাকা কুপে নিক্ষেপ করিয়া উত্তে	লন কর	c	83
কুরু টকে মোহিত করণ	• • •	•••	88
মুদ্রার কোতুক	•••		88
তিন চারি রঙ একত্রে ভক্ষণ করিয়া পৃথকং	বাহির	কর	89
বড় হ্যাট টুপিতে ডিম্বের পিষ্টক ভাজা	•••		85
জীবিত মৎস্য ক্ষুদ্র মুখ যুক্ত বোতলে পুরিয়	াজীবিত	র!খা	¢ο
মেষ বা ছাগের পটপটীর হত্য	•••	• • •	co
মৎস্য ধরা ঘূনি বা চালনী করিয়া জল তে	न !		¢ο
রেশমের কমাল পোড়াইয়া মোমবাতি হই	তে বাহি	ই র	
করা			¢8
মায়াক্ত পুস্তক প্রস্তুত করিবার কৌশল	• • • •		æ
স্কীর অগ্রভাগে অছুলীর ধারদিক রাখিয়	ণ ঘুর্†ণ		۹۵
স্বর্ণ রোপ্য মুক্রা চিরিয়া দ্বিভাগ করা			٥۶
ছুরি হইতে বিয়ার স্করা নির্গত করা			٥b
লেছি চিষ্ট্য। নিজড়:ইয়া জল বাহির করা		•••	৬০
গণ্ডদেশে কুলুপ দিয়া চাবি বদ্ধ করা			৬১
কোন আঘাত ব্যতিরেকে শরীরে ছোরা	বেন্ধ্ৰ		৬১
কোন ব্যক্তির কোট জ্ঞাকেট সমস্ত বস্ত্র প	ারা থারি	হৈবে	
অথচ কামিজ খুলিয়া লওয়া			ტა
র্জ্বজ্ঞালিক বা মায়িক পেঁটরা		• • •	58
মন্যাকে আদশ্য কবে			৬৬

	•••				Like to
		_			र्श्व
ছন্তের প্রথমান্তুলির ব	গগ্ৰভাগে ছ	ড়ি খাড়া	রাখা	•••	9 >
ক্ষত্রিম রুফ্টি এবং শিল	পতন	•••	•••		42
হুই তিন দণ্ডের মধ্যে	অভ লিছু র	ক জন্ম ই	য়া কাঁচা		
ও পাকা ফল ফ	লান			دو	,98
সঙ্কটাপন্ন জলপাত্ৰ শ					ea.
লে:হিত বৰ্ণ তপ্ত লে			তাল1		95
র ড় এবং নির্ম্ব তাস					97
লৈহি শিকদারা তণু	1			• • •	
এক গাড়ুজন সাত					
চিহ্নিত করা মুদ্রা উড়					
এক মুক্তাঘাতে একখ	ও প্রস্তুর ভ	ম করণ		•••	৮२
রমা বার্ত্তকী প্রভৃতি	ফলে প্রস্তর	ঝুল⊹ন			b -3
মৃত মনুষ্যের মুওকে ব	ংথা কহান			•••	ታແ
শৃন্য কাঁচপাত্রে প্রজ্ঞ	লিত ব∶তি	রাখিয়া ভ	न डे९१	ন্ন কর	165
কেদের'য় শয়ন কৰি	রয়া মধ্যের	কেদেরণ ট	গ্ৰিয়া	নিলে	
না পড়া			• • •		50
দড়িতে গাখা জী গে	শিলা দড়ি ম	ছিঁ ড়িয়া	ব∵হির	করা	۶ه .
সতী করার বাজী	•••	•••	•••		22
চাবি বন্ধ করা বান্ধ	হইতে বিনা	ম্পার্শে অহ	्द्री डेड़	্ন	28
অ জ্ঞাকারী ঝর্ণা				•••	20
ছুঁচ কিম্বা লোহার গ	পাতের পক্ষী	र्भाता द	ধা	•••	29
শ্বয়ংরজজুবন্ধন খু	লিবার আশ্চ	ৰ্য্য কৌশ	न	•••	٨
আজাকারী ভূত	•••	•••		•••	29
ভ্ৰমণকারী ডিম্ব	•••				207

				পূঞ
ছুরিরদ্বারা দাঁকো	গড়িবার	কেশিল		1202
ষয়ং স্ত্যকারী নট	की …	•••		500
কাপড়ের উপর ক্ষ	কিন্তা মু	ড়ী ভাজা	•••	وه د
একই বোতল হইত্ত্	মদিরা	९ कूक् हे व	হির করা	>08
স্থত কাটিয়া দগ্ধ কৰি	রয়া পূরে	রি ন্যায় কর	র	১०٩
হন্তের কমাল খণ্ড খ	ও করিয়	ণ পূর্ব্বের ন	যাই করা	30b
অও হইতে জীবিত	পাখাযুক্ত	পক্ষী বা	হির করা	وه د
নিৰ্কাণ বাতি আশ্চ		ন প্ৰজ্বলি	ত করা	১5∙
অদশ্বনীয় স্থ্ত		•••	•••	277
কাপড় আড়াল দিয়	া সিকার	করিলে ব	গপড়ে দা	ग
না হওয়া	•••	***	•••	>>>
আশ্চর্য্য রঙ	•••	•••	• • •	225
	বৈরক্তিভ	মক অঙ্গ।		
অসম্ভব এবং পেঁচাও	কথা, f	বখ্যাত ৪৫	সংখ্যা	\$58
নেক্ডিয়া বাখ ছাগল	ৰ এবং ক	পিশাক	•••	১১৩
মোছা অঙ্ক আটকাৰে	ৰ বলা	•••	•••	228
व्यमाशः माथन				55a
কোন সংখ্যা মনে কা	द्रेरल र्वाल	বার সঙ্কে	5	2201228
মনস্থ অক্ষর বলিবার	দক্ষেত •		***	১১৬
	ভাসত	निष्ण ।		
তাসকে পক্ষী করা		•••	•••	>>9
প্যাকের মধ্য হইতে ব	শ্ফ দিয়া	ভাস বাহি	হর হওয়া	>>৮
মনস্থ তাস বলিবার স	ক্ষেত			<i>۲۶۵</i>
ইচ্ছা মত তাস চাহিবে	ন না দেশি	ধরা দেওয়	1	540



বোল আরমেনিক তুই ঔষা, পার। ১ এক ঔষা, কপুর আর্দ্ধ ঔষা, ত্রাণ্ডি ২ তুই ঔষা, এই করেক দ্রব্য একতে পিত্ত-লের হামাম দিন্ততেে পেসন করিয়া হন্তে মর্দ্দন করিয়া কোন পাত্রস্থিত গালিত সীসাতে অঙ্গুলি ডুবাইলে অঙ্গুলি দ্যা হইবে না ইতি। লেবোরেটরি অব ইক্ষ্লুআবর্তিস।

> জ্বলন্ত অঙ্গার ভক্ষণ করিলে মুখের কিছুমাত্র হানিজনক হয় না।

প্রথম অতিগোপনে কিঞ্জিৎ কপূরি কিছা আকরকোরা
চর্বেণ করনানন্তর দন্তের কদে রাখিয়া অতিলঘু অর্থাৎ
ছালকাক্যনা, যথা আকন্দ, খলুনে প্রভৃতি অন্ধার মুখামদ্যে
চিমট্যা দ্বারা ধরিয়া দিলে কিছুমাত ছানিজনক হয় না
তদ্দন্দি দদ্দিরো আফর্মা জ্ঞান ক্রিবেন।

বাবলারকের ক্ষুদ্রক্ষুদ্র শাখা কণ্টক সম্বলিত চর্বাণ করিলে মুখের হানিজনক না হইবার কে∫শল।

কেত্ৰিক দেধাইবার অত্তে অভিগোপনে ঘলঘদা পুল্পের।
গাছের পত্র চর্বান করিয়া বাবলা রক্ষের ছোট ছোট শাখা
সম্বলিত অনায়াদে চর্বান করা যায় মুথে কিছুমাত্র আঘাত
হয় না।

কণ্টিকারি বৃক্তের কাঁটা সম্বলিত চর্ব্ব গ করিবার কে\শল।

কেতিক আরম্ভ করিবার অশ্রে কিঞ্চিৎ জামপাতা চর্ম্মণ করিয়া রস মুখের মধ্যে রাখিয়া কন্টক সম্বলিত কন্টি-কারি রক্ষ অক্রেশে চর্ম্মণ করা যাইবে কোন আঘাত হইবে না। ইন্দ্রজাল পুস্তক।

মুখের কোন আঘাত ব্যতিরেকে কাঁচের বোত্তল অনায়াদে চর্বণ করিবার গুপুকর্থা।

প্রথমে কেতিক দশহিবার অত্যে গোপনে মুথে আদা কিছা আমকলশাক চর্বন করিয়া ফরাশীশ কিছা বিলাতি খেত বর্ণ কাঁচের বোতলের গলদেশ তথ্য করিয়া নিক্লেপ করণানন্তর অন্য অংশ অনারাসে চর্বন করা যায়, মুথে কিছা দত্তে কোন আঘাত হয় না, কিন্তু কাঁচ চূর্ণ সমন্ত গ্রাস না করিয়া সাবধানে মুখ হইতে নিক্লেপ করিবে, ভদ্ধ্য দশকগণ চমৎকৃত হইবেন।

বোতল চৰ্মণ অন্যমতে।

কতকগুলি পাতলা বোতল ভাঙ্গা অগ্নিতে দধ্য করিয়া আদার রস দিয়া নির্মাণ করিবে, কেত্কি দেখাইবার সময় °ঐ দধ্য করা বোতলভাঙ্গাগুলি চর্মাণ করিলে মুখের কোন হানি হয় না। ভাতুমতি ইক্সজাল।

অগ্নিস্তস্ত্রন অর্থাৎ জ্বলন্ত দলিতার তৈল হস্তের তারুকা-পরে নিক্ষেপ করিলে হস্ত দক্ষ হয় না।

কেত্রিক দর্শাইবার অগ্রে কিঞ্চিৎ লবণ স্থাপ কল দিয়া হস্তের তালু এবং সকল অকুলিতে গোপনে মাথাইয়া রাথিবে, কেই জানিতে না পারে, তদনস্তর কাপড়ের সলিতা প্রস্তুত করিয়া তৈলে ডুবাইয়া প্রজ্ঞালিত করিয়া অন্য কোন ব্যক্তিকে তোমার আপনার হস্তের তালুর উপর ধরিতে বলিবে, সলিতার তৈল হস্তের তালুতে পাড়তে থাকিবে, তাহাতে হস্তের তালুকা কিছুমাত্র দক্ষ ইইবে না, এবং দর্শকেরা অতি আশ্বর্যাপ্রতান করিয়া মনে করিবেন যে অবশ্য কোন চদবশক্তি দ্বারা হইয়া থাকিবে। কিন্তু তৎকালীন চুই হস্তের তালু ঘর্ষ ণ করিতে থাকিবে।

रेसाकाल।

অগ্নিস্তম্ভন মতান্তরে।

আকরকোরা ছরিতকীর আঁটিধুতরার বীক্ষ ভেরেগুর রসে পোসন করিয়া ছত্তে মাথাইয়া অঙ্গার রাখিলে তাহা দক্ষ ইয় না।

অগ্নিস্তম্ভন অন্যমতে।

কটকিরী আফিল্স সামরলবণ আর কতিলা (একপ্রকার গোঁদ) এবং কুকুটের ডিম্বের খোসা ও পারদ এই কয়েক দ্রব্য ছিরকাতে একত্রে পেসন করিয়া হাতে মর্দ্দন করণানন্তর অগ্নিবা জ্বন্ত অন্ধার ধারণ করিলে হস্ত দক্ষ হয় না !

ভাকুমতি ইন্দ্রজাল।

বউলাহীন কাউপাদ্ধকা (অর্থাৎ বে খড়মের বউলানাই)
পায়ে দিয়া অনায়াদে চলিয়া বেড়াইবার কৌশল।

আকল,পালিতা মাদার,অথবা অপর কোন প্রকার হালকা কাষ্টের এক জোড়া কার্চপাচুকা (থড়ম) নির্মাণ করাইয়া প্রস্তুত রাথিবে, পরস্তু আরব দেশীয় গোঁদ বাবলার আঠা কিয়া হিন্দি ভাষায় লামোড়া কহে সেই ফলের আঠা স্বল্প পরিমাণে জলে ভিজাইয়া ঐ আঠা থড়মে মাখাইয়া উত্তমরূপে শুক্ক করিয়া প্রস্তুত রাথিবে। এই কার্য্য সকলের অজ্ঞাতসারে পুর্কান্তে প্রস্তুত করিবে, তৎপরে কৌতুক দেখাইবার সময় দর্শকদিগের দশ পনের হস্ত অন্তরে থাকিয়া আপনার পাদদ্ম জল দিয়া ধৌত করিয়া আপনার হস্ত ছারা পায়ের ভালুকা নামমাত্র মৃছিয়া দর্শকদিগকে বলিবে, যে ভোমরা সকলে দৃট্টি কর আমার পায়ে কিছু নাই বলিয়া থড়ম পায়ে দিয়া ইতন্তত জ্বমণ করিতে থাকিবে; থড়ম পা হইতে পুলিবে না, তদ্দুকৌ সভান্থ সমস্ত দর্শকেরা বিশেষত অজ্ঞ লোকেরা বিবেচনা করিবেন যে অবশ্য কোন মন্ত্রবলে হইয়া থাকিবে এবং ধন্যবাদ করিবেন যে অবশ্য কোন মন্ত্রবলে হইয়া থাকিবে এবং ধন্যবাদ করিবেন। ইক্সজলে।

वर्डेमाहीन थंड्म शास्त्र मित्रा विड्रां अन श्रकातास्तरः।

খেতকুচ জল দিয়া বাটিয়া কাফীপাচুকাতে মাথাইয়া শীয় পাদহুর জলে থেতি করিয়া পরে থড়ম পায়ে দিয়া বেড়াইলে থড়ম খুলিবে না। ভাতুমতি ইন্দ্রজাল।

একগাছ তৃণ (খড়) দিয়া বোতল খ্ন্যে তুলিবার কৌশল।

প্রথমে এক গাছ প্রের গোড়ারদিক দর্শকদিগের

অগোচরে বাকাইরা ভুজের আরুতি করিয়া মুছড়িয়া ঐ বক্ত

দিক বোডলের মধ্যে এমত করিয়া পুরিবে, যে পার্পে ঠেকিয়া

প্রতিরপ।

আটকাইয়। থাকিবে, তথন খড়ের আগার দিক ধরিয়া বোডল অনাসে শ্নে। ডোলা গাইবে পড়িবেনা,এই আকৃতি দৃষ্টি কর ইহা দৃষ্টে সভাস্থ লোকেরা চনৎকৃত হইবেন, কিন্তু খড় গাছা ভঙ্গ না হয় তাল শক্ত দেখিয়া লইবে, ভাজা হইলে ডোলাযারনা।

बर्गम अम्ब्र ।

দর্পণের উপর অস্তু (ডিম্ব) দণ্ডায়মান করিবার কৌশল।

কোন চোরস স্থানে অর্থাৎ যে ভূমি উপ্ন বানীচনা হর এমত জায়গায় একটা টেবিল কিয়া পিঁড়া প্রভৃতি কোন কার্চসমান করিয়া বসাইয়া ডাহার উপর এক থানি দর্পণ রাখিয়া যথ কিঞ্চিত্র জল তাহাতে চালিলে যদাপি কোন দিগে
গড়াইয়া না যায় মধ্যস্থলে স্থির থাকে তাহা হইলে জানিবে
কোন দিকে উচ্চ নীচ নাই, তখন হংস কিম্বা ক্রুটের একটা
সদ্যজাত অণ্ড লইয়া এমত করিয়া নাডিবে, যেন অণ্ডের
মধ্যের পীতবর্ণ কুসম এবং শ্বেতবর্ণ লাল দ্রেরা উত্তমরূপে
মিশ্রিত হয়, তৎপরে স্থির হত্তে অণ্ডটী সমান করিয়া
অর্থাৎ কোন দিগে তারি না হয় এবং অগ্রতাণ নিম্মে
থাকে, এইরূপ করিয়া রাখিলে দণ্ডায়ম্যন থাকিবে, পরে
স্পর্শ না করিয়া অন্তরে থাকিলে কদাচ ডিম্বটী পড়িবে না ।
কিন্তু প্রথমে ডিম্বের স্বাভাবিক অবস্থায় সভাস্থ কোন ব্যক্তির
হত্তে দিলে কদাচ খাড়া রাখিতে পারিবে না, আর গোপনে
ডিম্বের মধ্যস্থিত কুসম ও শুভ্রবর্ণ পদার্থ বিলক্ষণ করিয়া
অনেক ক্ষণ পর্যন্ত নাডিয়া একত্র মিশ্রিত করিবে।

নিত্যগতি অর্থাৎ প্রস্তরকে স্বয়ং ঘূর্ণায়মান করণের আশ্চর্য্য কৌশল।

এক কাঁচের পাত্তে একোয়াফরটিস (যবাক্ষারাল) চালিয়া লো ছচ্ কিয়া কুদ্র কুদ্র লোহ থণ্ড ভাষাতে নিক্ষেপ করিলে ছই ঘন্টা কাল পরে একোয়াফরটিস লোছ চ্র্কি শোষণ করিবে, ভখন একটা বড় মুথ্যুক্ত এক বুরুলপ্রস্থ (কাঁদাল) বোতলে ঐ সমস্ত ঢালিয়া ভাষাতে টেপিস ক্যালামিনেরিস নামক প্রস্তর একভাল নিক্ষেপ করিলে ঐ প্রস্তরের নিতা ঘূর্ণায়মান গতি ছইবে, অর্থাৎ আপনি ক্রমাগত ঘূরিতে থাকিবে।

মনোহর দর্পণ।

खरूर गमनकम खखा।

প্রথমে একখানি কাগজের কিয়া সোলা প্রভৃতি
অন্য কোন হালকা এবে।র স্তস্তাক্কতি একটা খোল প্রস্তুত
করিয়া গোপনে তাহার মধ্যে একটা গোবরাপোকা কিয়া
ক্ষুত্র প্ররপ অন্য কোন কীট প্রবেশ করাইয়া টেবিলের
উপর রাখিলে কীটটা কদ্ধাবস্থা হইতে মুক্ত হইবার
নিমিত্রে চেষ্টা পাইতে থাকিয়া প্র টেবিলের চারিদিগে
খারে পারে ইতন্তত ভ্রমণ করিতে থাকিবে; কিন্তু ভ্রম্জনে
পড়িবে না, অজ্ঞ ব্যক্তিরা কারণ না ভানিয়া মনে
করিবেন যে স্তস্তু আপনি চলিতেছে। বয়েসগুনবুক।

বরক হইতে আলো বাহির করিবার

অতি সহজ কে শল।

একটা দিমপতা লইয়। এক থণ্ড বরফের উপর সঞ্চোরে আঘাত করিলে, তথাধ্য হইতে আগ্নির শিথা নির্গত হইয়া অদৃশ্য হইবে, কিন্তু ঐ বরফকে অল্প ছিদ্র করিয়া ভাহার মধ্যে দিমপত্র দিলে, যতক্ষণ পর্যান্ত পত্র না দ্রবীভূত হয় ততক্ষণ আগ্নির প্রভা দৃশ্য হইতে থাকিবে, তদ্ভৌ দর্শকেরা আশ্চর্যা জ্ঞান করিবেন। পারস্য গ্রন্থ।

ভেতিক বোতল।

প্রথমত একটী সামান্য ক্ষর্যর্ণ বিলাতি বোতলের তলদেশে হিরার কলম দারা কতকগুলি ছিদ্র করিরা রাখিবে,

পরে একটী গামলা কিম্বা বড় খোরা জলে পূর্ণ করিয়া ঐ বোভলটী ভাহাতে এমত করিয়া ডুবাইয়া রাখিবে যেন বোতলের গলদেশ জলোপরি অর্থাৎ অনেক উর্দ্ধে উঠিয়া थार्क, जनमञ्ज अकरो जैन निर्मित क्रॅमिल क्रमलि शक्त কিয়া কাগজের ঠোজা ছারা বোতলে জলপুর্ব করিয়া ছিপি দিয়া বেতিলের মুখ উত্তমরূপে বন্ধ করি:ব: ভৎ পরে জল হইতে বোতল খুনো তুলিয়া দেথিবে, যেন ভলার ছিদ্র দিয়া জল চুইয়া পড়ে না; তথন বস্ত্র দিয়া বোডলের গাত্র ও তলদেশ ভাল করিয়া মৃছিয়া সভামধ্যে আনিয়া কোন ব্যক্তিকে ধারণ করিতে দিয়া বলিবে, যে বোডনে নির্মান এবং শীতল বারি আছে তোমরা পান কর, তথন 🖨 ব্যক্তি বোতলের ছিপি খুলিবামাত্র নিম্নের ছিদ্র দিয়া জন নার বার করিয়া পড়িতে থাকিবে ভাছাতে দর্শকেরা আশ্চর্য্য জ্ঞান করিয়া কোন অলেকিক শক্তি ছারা হওয়া বিবেচনা করিবেন; কিন্তু বিজ্ঞানশাস্ত্রজ্ঞ মহোদয়েরা অনায়াদেই বুঝিতে পারিবেদ, যে ইছার कात्रभ वाश्रुकक्क कत्रा जित्र अना नरह। वरशम अन्यूक।

কোন পক্ষিকে মোছিত করিয়া গুতপ্রায় করণ এবং পুনঃ সজীব করিবার কৌশল।

কোন এক প্রকার পক্ষী একটা লইয়া টেবিলের উপর শরন করাইয়া একটা ছোট পালক লইয়া ঐ পক্ষিব চক্ষুর নিকট আন্দোলন করিতে থাকিবে, তাহাতে পক্ষিটা মোহিত হইরা মৃতপ্রায় হইবে: এ পালথটা অন্তরে রাখিলে পুনঃ জীবিত হইবে। ও পালথের গোড়ার দিক পাক্ষিকে পরিতে দিলে আঁকড়িয়া পরিয়া ঘূর্ণায়মান হইতে থাকিবে, এবং গড়াইলে শুকপক্ষির নায় উলট পালট করিবে, এবং ধে দিগে ইচ্ছা সেই দিগে পাক্ষিকে ঘোরান যাইবৈ।

মূর্ত্তির ছবি দৃশ্য এবং অদৃশ্য করিবার কৌশল।

ক্রান্সদেশের মৃত্তিক। মধ্যে এক প্রকার সতিল চাক
থড়ি জন্মে এবং প্রায়ই দকল অইলমানিটোরের দোকানে
বিক্রের হইরা থাকে, তাহার এক অসাধারণ গুণ আছে,
তাহা এই, চাক দিয়া কোন আয়নাতে মূর্ত্তি অহিত
করিয়া তাহাতে বহিমুখ খাস দিলে এ ছবি এক বার
দৃশ্য হইয়া প্রারার জদৃশ্য হইয়া থাকে; এই মত
ক্রমাণত বহিমুখ শাস দিলে দৃশ্যমান এবং
প্রারা মুছিলে অদর্শন হয়, আর কেতিক দেখাইবার
নিমিতে অনেক মাস পর্যান্ত রাখা যাইতে পারে, এই
অয়েনার যে স্থানে বেগে নিশ্বাস দেওয়া যায় তথাকার
রেখা সমন্ত স্পতিরপে দৃশ্য হয় আবার মুছিয়া শুক্ক করিলে
প্রারা অদৃশ্য হয়।
বয়ের ওদরুক।

মায়াময় অথবা ভেতিক ডিম্ব।

এক কাঁচ নির্মিত পাত্তে এক ভাগ মিউরিরেটিক **এসিড** (লবণামু) আর ৬ ভাগ অল মিশ্রিত করিয়া ঐ *গ্রা*সের অর্থাৎ কাঁচপাত্রের তিন ভাগ পরিপূর্ণ করিয়া তম্বাধ্যে একটি কুরুট অথবা হংদের অন্ত ডুবাইরা দিলে ঐ অন্ত ছইতে কণকাল মধ্যে বাষ্প অর্থাৎ ভাপ নির্গত হইরা অন্ত গী ঘুরিতে থাকিবে। ইহার কারণ এই যে অন্তের মধ্যে এক খানি পাতলা চম্ম থাকে, তাহা লবণালের তেজে কাটিয়া তম্মধ্যের কুসম এবং খেতবর্ণ দ্রেবা সিদ্ধ হইরা উপরে ভাসিয়া উঠে এবং ঘুর্ণায়মান হইতে থাকে।

বোতদের মধ্য হইতে অগ্নির গুটীকা (গোলা)

নিৰ্গত হইবার কেশিল।

অগ্নির উত্তাপে তথ্য না হয় আর তিন বা চারি ওন্স জল ধরে এমত একটা কাঁচের শক্ত বোতল লইবে সেই বোতলে ৩০ গ্রেণ প্রায় ১৫ রতি পরিমাণ ফক্ররাস নিক্ষেপ করিয়া চারি ঔনুস পরিমাণ জল দিয়া অগ্নির উত্তাপ দিলে জল সূটিবে এবং অগ্নির গোলা উঠিতে থাকিবে।

চাপনের দ্বারা অগ্নি উৎপন্ন করণ।

হই থণ্ড তক্তার মধ্যে এক খণ্ড কক্ষরাস রাথিয়া চাপিয়া ধরিলে জ্বলিরা উঠিবে; এবং চুই থণ্ড ফক্ষরাস প্রম্পর ঘর্ষণ করিলে এরপে অগ্নিউৎপন্ন হয়।

ছেদন করা লেস কিন্তা কিতা যোড়া দেওয়া। অত্যে এক থাও লেস কিন্তা ফোছারা করিয়া সকীর হত্তে লুকাইয়া রাখিয়া আর এক খণ্ড ঠিক ঐপ্রকার দোহারা করিয়া প্রথমান্দলি ও রদ্ধান্দলির মধ্যে ঐকিতারতাঁজ রাখিয়া কিঞ্জিং ঐ কিতা টানিলে একটা ফাঁসের মত হইবে, তথক উপস্থিত দর্শকদের মধ্যে এক জনকে ঐ লেস কাটিতে বলিবে। তৎপরে রদ্ধান্দলি এবং প্রথমান্দলির মধ্যে লুকায়িত থাকা লেসটির সহিত এই ছেদন করা কিতা কিয়া লেসটি হস্তের চালনা এবং চতুরতা দ্বারা নাটত কের বদল করিতে পার, তাহা ছইলে দর্শকগণ কাযে মনে করিবেদ যে তুমি যথাই লেস কাটিয়াছ; তদনস্তর কতকগুলি অর্থরহিত কথা অর্থাৎ মন্ত্র পাজিয়া সভান্থ ব্যক্তিদিগের দৃষ্টের ভ্রম জন্মাইয়া কাটা লেস জড়াইয়া অর্থাৎ লুকাইয়া রাথিয়া আন্ত কিতা কিয়া লেসটি বাছির করিয়া সকলকে বলিবে, দেখ কাটা লেস ঘোড়া লাগিয়াছে, তাহারাও ভোমার বাক্যে বিশ্বাস করিবন এবং চাতুরি ধরিতে পারিবেন না।

একটি কাঁচ পাত্রে করিয়া চতুভূ তি অর্থাৎ অগ্নি বায়ু বারি

এবং মৃত্তিকা এককালে দর্শাইবার কৌশল।

অঙ্গুলি পরিমিত স্থূল একটা গ্লোস অর্থাৎ কাঁচ নির্মিত চুদ্ধি লইরা তাহার এক মুখ গালা কিয়া মন প্রভৃতি কোন দ্রব্য দিয়া উত্তনরূপে বদ্ধ করিবে, তৎপরে প্র চুন্ধির গায়ে চিহু দিয়া চারি সমান ভাগ করিয়া নিম্ন হইতে প্রথম চিহু পর্যান্ত পারা দিয়া পূর্ণ করিবে, তৎপরে দিতীয় ভাগ পর্যান্ত সব কার্বনেট অব পোটাস জলে তাব করিয়া পুরিবে, তদনন্তর শুত্রবর্ণ ব্রাণ্ডি সুরাতে কিঞ্জিৎ নীলবজি চূর্ণ মিশ্রিত করিয়া তৃতীর ভাগ পর্যান্ত পূর্ণ করিয়া দর্মান্দেবে টার্পিন তৈলে কিঞ্জিৎ চিনের সিন্দুর গুলিয়া ঐ লোহিত বর্ণ তৈলে চতুর্থ অর্থাৎ সর্ব্বোপরিভাগ পূর্ণ করিয়া ঐ চুলির অন্য মুখ উত্তমরূপে গালা দিয়া আবদ্ধ করিয়া হাটির প্রারম্ভে বারি ও ক্ষিতি মিশিনুতের তাব অর্থাৎ বোলা জলের নারি, আর ৪ চারি আদি হন্ত অর্থাৎ চতুর্ভ তে সকলকে দর্শাইবে, তৎপরে ঐ চুলি পুর করিয়া নাজিলে উহার মধ্যক্ত সমন্ত বন্তু মিশিনুত হইয়া এক প্রকার মেটে বর্ণ দৃশামান হইবে, তৎপরে চুলিটা দ্বির করিলে অপ্যক্ষণ মধ্যে উপরোক্ত তাবত ক্রবা তির তির হইয়া স্বীয়হ স্থানে যাইবে; অর্থাৎ প্রথম ভাগের রক্তিমাবর্ণ অগ্রিব দৃত্রীয় ভাগে নীল বর্ণ বায়ু রূপে ভৃতীয় ভাগে বারি আর চতুর্ধ অর্থাৎ দর্শন নিম্নের ভাগে মৃত্রিকা। দৃষ্টি গোচর হুইবে।

প্রশু গণনা অর্থাৎ কাগজের লিখন দ্বারা দৈববাণী

इ उद्गा এवः महात कथा वला।

প্রথমে কতকণ্ডলি খণ্ড খণ্ড কাগছে সামান্য কালি
দিয়া ভিন্ন ভিন্ন প্রকার প্রশ্ন লিখিবে, এবং প্রভিথণ্ড
কাগজের লিখিত প্রত্যেক প্রশ্নের নিম্নে নাইটুমিউরিয়েট
অব গোল্ড কিয়া চুন্ধ লেবু অথবা পলাণ্ডুর রুমে নৃত্ব লেখনী ছারা উপগুক্ত প্রত্যুক্তর লিখিয়া সমস্ত কাগজ
শৃপ্তপ্তলি শুক্ত করিলে উত্তর সকল অদৃশা হইবে, এই রুপে প্রস্তুত করিয়া কাগজ্ঞপঞ্জলি আপনার সমীপে রাখিবে;
পারস্ত কোন ব্যক্তি প্রশ্ন গণনা করিতে আইলে,ডাছার সক্ষুখে
প্রসকল প্রশা লিখিত কাগজ্ঞ বাছির করিয়া তাগকে বলিবে;
এই প্রশাঞ্জলির মধ্যে ভোমার আপনার মনোনীত প্রশ্ন লইয়া
গৃহে গমন করিয়া উত্তপ্ত উনানের কিয়া যে ছানে অগ্নি
আছে তাহার সন্নিকটে রাখিলে আগত কল্য প্রত্যুবে
ভোমার মানসিক প্রশ্নের উত্তর ভাহার নিম্নে দেখিতে
পাইবে, স্কৃতরাং ভোমার বাক্যের সত্যভারপ্রতি তিনি বিশ্বাস
করিয়া চমৎ,কৃত ছইবেন।

ত্র অন্য প্রকার।

একটা বাল্পের তলার সমান মাপ করিরা এক খণ্ডা
টীন কাটিয়া গোপনে ঐ বাজের মধ্যে অগ্রে এক খণ্ডা
তপ্ত লোহা রাথিরা ঐ টীন খানি লোহার উপর চাপাদিরা বাজের ডালা খুলিয়া দেখাইবে বাজের মধ্যে
কিছু মাত নাই, এই বলিয়া প্রশ্ন কারককে তাঁহার
মনোনিত প্রশ্ন লেখা কাগজ খণ্ড বাজের মধ্যে নিক্ষেপ
করিতে বলিবে, এবং বাক্স তৎক্ষণাৎ চাকা দিলে লেই
খণ্ডের উত্তাপে মধ্যেছিত টিন খানি অর্থাৎ ইতিম তলা
খানা উষ্ণ হইলে লেবু চুয় বা পলাণ্ডুর রসে লেখা
উত্তর সকল ঐ উত্তাপে প্রকাশ হইবে, তথন বাছির
করিয়া পাঠ করিতে দিবে, কিন্তু তাহার পরেই কাগজ
খণ্ড তাঁহার নিকট হইতে লইরা আপনার কাছে রাখিবে;
কেন না কাগজ খণ্ড শিতল হইলেই অক্ষর সমন্ত প্র-

রার অদৃশ্য ছইবে; এবং প্রশ্রকারক কিছু মাত্র জানিতে পারিবে না।

জলে হাত ডুবাইলে হতে জল না লাগিয়া শুভ

হস্ত উত্তোলন করিব\র কে[†]শল।

একটা বড় থোরায় কিছা গামলায় জল রাথিয়া
লাইকোপোডিয়ম (এক প্রকার রক্ষের বীজ) ওঁড়া
করিয়া ডাংছাতে নিকেপ করিবে, কিন্তু ঐ চুর্গ জলে
দিবার অথ্যে একটা স্থা কিছা রোপা মুদ্রা জল মধ্যে
কেলিবে ডংগারে হস্ত জলে ড্বাইয়া মুদ্রা তুলিলে হস্তে
কিছু মাত্র জল সংলগ্ন হইবে না, কারণ লাইকোপোডিরমের শক্তি এই যে, কোন দ্রব্যে সংস্পর্শ হইলে জল
সংলগ্ন হইতে পারে না, পরে হস্ত ঝাড়িলে ঐ গুড়া
সমস্ত পড়িয়া যায়। কিন্তু গোপনে জলে গুড়া দিয়া
পরে কোতুক দশাইবে।

আৰ্জ্ঞাকারী জল পাত্র প্রস্তুত করণের কৌশল।

প্রথমে একটা মৃত্তিকার কলসী বা ভাণ্ডের তলদেশে ক্তকগুলি কুত্র কুত্র ছিত্র করিবে, এবং ঐ পাত্তের গলাই কিন্তিং বড় একটা ছিত্র করিয়া ঐ পাত্ত এক গামলা জলে এমত করিয়া ডুবাইবে যেন পাত্তের গলাজল হইতে বাহিরে জাগিয়া থাকে; পরে ভাহার মধ্যে কিঞ্চিৎ গোমর গুলিরা পাত্তের মুখ সরা দিয়া আচ্ছাদন কর-লানস্তর আঠাল মৃত্তিকা দিয়া ভালরপে আঁটিয়া দিবে,

কোন মতে বায় প্রবেশ না হয়, গোপনে এইরপে প্রস্তুত রাণিয়া কেতৃক দর্শহিবার সময় গলার ছিদ্র অঙ্গুলি ছারা বদ্ধ করিয়া জল হইতে পাত্র তুলিলে জ্ল পতিত হইবে না, এবং ছিদ্র হইতে অঙ্গুলি ঝুলিয়া দিলে জল পডিতে থাকিবে, পুনঃ পুনঃ গলার ছিদ্র আবদ্ধ করিবে, এবং ঝুলিবে, স্তরাং পড় বলিলেই জল পড়ে এবং পড়িও না বলিয়া ছিদ্র বদ্ধ করিলে জল পড়ে না।

বোতলের কেণ্ডুক।

ছোট মুখ যুক্ত শুল বর্ণ কাঁচের ছোটএকটা বোজনে সুরা পূর্ণ করিয়া রাখিবে, পরে একটা ডাবর বা থোরাতে এমত করিয়া জল পূর্ণ করিবে ^{যে}ন বোজনটা তাছাতে বসাইলে বোজলের মুখ অপেকা জল উচ্চ হয়।

কে তুক দর্শাইবার সমর, বোতলটী জল পূর্ণিত ডাব-রের মধ্যে বসাইয়া রাখিবামাত্রেই বোতলের মুখ হইতে স্তম্ভাক্তি হইয়া সুরা নির্গত হইয়া উদ্ধে উঠিতে থাকিবে, ওদিকে বোতলের মধ্যের সুরার স্থানে অর্থাৎ তলার জল পূর্ণ হয়। ইহার প্রতি কারণ এই যে, মদিরা বারি অপেকা গুরু এবং জল লঘু স্প্তরাং সুরা উদ্ধে থাকে এবং জল নিম্নে পতিত হয়।

মায়াক্লত অর্থাৎ ভেল্কীর চামচ্যা দ্বারা রহস্য করণ।

একটী মৃত্তিকা কিষা লে\ছ নির্মিত মুচি করিয়া ৪ চারি ঔষ্প পরিমাণ বিমাণ ধাতু দ্রব করিয়া সম্পূর্ণ রূপে গলিলে ২॥ আড়াই প্রস্কাপরিমাণে সীসা আর ১॥
দেড় প্রস্কা টিন তাহাতে সংযোগ করিলে এই
দ্রবাত্তর মিপ্রিত হইরা এমত প্রকার থাইদ প্রস্তুত হইবে,
ষে তাহা উষ্ণ জলে ডুবাইদে গলিত হইবে। পরস্তু প্র'
মিপ্রিত থাতু বাইট করিয়া অর্ণকার দারা চামচা মিশ্বাণ করাইয়া প্রস্তুত রাখিবে, কোন বাক্তিকে বিজ্ঞাপ করিবার পাত্রে উষ্ণ চা পূর্ণ চামচা থানি রাথিয়া চা পান করিবার পাত্রে উষ্ণ চা পূর্ণ চামচা থানি রাথিয়া চা পান করিতে কহিবে, সেই ব্যক্তি বাটিতে চা চালিয়া চামচা তাহাতে ডুবাইলেই গলিয়া যাইবে তন্দ্রে সমস্ত সভান্থ ব্যক্তিরা তাহাকে অপ্রতিত করিবেন।
ব্যেস ওন্তুত।

কাম্য বোতল অর্থাৎ যাহার যে অভিলমিত পাণীর দ্বের যথা বারি চুগ্ধ নীল বর্ণ জল পোর্ট মদিরা শেরি শ্যাশাইন প্রভৃতি একই বোতল হইতে দেওয়া যায়।

বাস্তবিক ঐ বোতদ মধ্যে একই প্রকার (আরক)

দ্রব দ্রব্য থাকে, ভাষা এই হিরাক্ষস দ্রব করা

দলে প্রটোসালফেট এবং পারসালফেট আর যংকিঞ্জিং খাটি গন্ধক দ্রোবক; এই সমস্ত দ্রব্য মিশিত
করিয়া একটী ক্লম্ব বর্ণ কাঁচের বোতলে ঢালিয়। রাথিবে,
কারণ ঐ মিশিত দ্রব্যের পিঙ্গল বর্ণ অর্থাং (পাঁশটিয়া

রঙ) ক্লম্ব বর্ণ বোতলে রাখিলে সভাস্থ কোন ব্যক্তি

শানিতে পারিবেন না। স্কুতরাং পূর্বাছে গোণনে ঐক্লপ

সমস্ত প্রস্তুত করিয়া রাখিবে। সুরা পান করিবার পাত্রই এই চাত্রির মূলাধার; এনিমিত্তে কেত্রিক আরম্ভ করিবার অগ্রে (কিমিয়া) (রদায়ন বিদ্যা বিষয়ক) এমত 'রাসায়নিক ত্রবা সকল ঐ পানীয়পাত্তে সূল্প পরিমাণে রাথিবে, যাহাতে অভিলিষিত রঙ উৎপন্ন হইতে পারে। গ্লাদগুলি ফ্রেপে শ্েণীমত এবং যত পরিমাণে যে যে দ্ৰব্য রাথিতে হয়, তাহা নিম্নে লিখিত হইল। কেইজ**ল** চাহিলে, যে পাত্র দিতে হইবে, সেই পাত্রে কিছুমাত্র না রাখিয়া শূল্য রাখিবে, কারণ জন বর্ণহীন বস্তু গ্লামে রাখিলে কেছ জানিতে পারিবে না। দ্বিতীয় পাত্রে ক্লোরাইড অব ক্যালসিয়ম কিমা ক্রোরইড আব বেরিরম এব করিয়া রাখিলে ভৰারা চুগ্ধ দেওয়া যাইবে, তৃতীয় প্লাস অর্থাৎ যে পাত্তে নীলবর্ণ দেখাইতে হইবে, তন্ত্রাধ্যে লোহিত এবং পীত (হরিদ্রা) বণের প্রাসিয়েট অব পোটাস গুলিয়া বিশ্রিত করিয়া রাখিবে, চতুর্থ প্লাদ অর্থাৎ যে পাত্রে পোট সুরা দিতে হইবে, তথাধো সালুকোসাইয়েনাইড অব পোটাসিয়ম দ্রবীভূত করিয়া রাথিবে; পঞ্চতম প্লাদ অর্থাৎ যাহাতে শেরী মদিরা হইবে, তাহাতে ঘৎ-কিঞ্চিৎ ঐ শেরী সুরা ঢালিয়া দিবে; আর যাহাতে শ্যামপেন মদিরা চাহিবে, তন্তব্যে দ্রব করা বাইকার্ব-নেট আব সোডা রাখিবে।

পুর্বোক্ত দ্রব দ্রব্য সমস্ত যতই তেজস্কর হয় ভতই ভাল এবং অনায়াদেই কার্য্যাদর্শে এই সকল দ্রায় করা দুবা পুর্মোক্ত পাত্রের সমুদায় মধ্যভাগ ভাল করিয়া কোতৃক দর্শহিবার কিঞ্জিৎ অগ্রে মাথাইবে আর ইহাও জ্ঞাত হওয়া উচিত, বে এই সকল রূপান্তর করণক্ষম দ্রবার কিছুমাত্র ঐ পাত্রের ভলদেশে পড়িয়া অবশিষ্ট না থাকে, এবং যে ব্যক্তি গ্লাস হস্তে লইবেন তিনি গ্লাসের যে অবিধি আরক মাথান থাকে সেই পর্যান্ত সুয়ি হস্তাঙ্গুলি দ্বারা আচ্ছাদন করিয়া রাথেন, আর যদ্যাপি কোন ব্যক্তি এক দুবা তুই বার চাহেন এজনো তুই প্রস্তুত এমত পাত্র ঐ টেবিলে সাজাইয়া রাথা কর্ত্ব্য।

পরস্ত কেতি কুককারক এক কৃষ্ণ বর্ণ বোতল হইতে চতুরতা পূর্বক একই দূব করা দূরা (আরক) ভিন্ন ভিন্ন পাতে ঢালিয়া দিবামাতেই সমস্ত থ্যক্তিদিগের স্বীয় আভিল্যিত পাণীয় দ্রবা দেওয়া যাইবে এবং তাহাতে সকলেই চমৎকৃত হইবেন। গ্রীকিন্সাকিমিকেল্বেজিয়েশন।

তৈওলর পরিবর্ত্তে কিবল জল দিয়া প্রদীপ জালনের গুপ্ত কথা।

প্রথমত এক গও অতি শুল্র নেকড়া তব করা মন্মে তবাইয়া স্বংপা পরিমাণে তাল গন্ধকের সুক্ষম চূর্ণ ভাষার এক পৃষ্ঠে মাগাইযা ঐ মেকড়া খণ্ড অগ্নিতে উত্তপ্ত করিলে মনের সহিত নিশ্বিত হইয়া যাইবে, অর্থাৎ গন্ধকের বর্ণ দৃশ্য না হয় এই রূপে প্রস্তুত করা নেকড়ার স্ক্রিতা পাক্রিয়া গোপণে অন্যে প্রস্তুত রাণিবে, আর

আন্য এক থণ্ড শুল্র বস্ত্রে কিছু না মাধাইরা
সলিতা পাকাইরা ভিন্ন করিয়া রাথিবে, তৎপরে
কোতুক দেখাইবার সময় প্রদীপটা এবং কেবল
নেকড়ার সলিতা সভাস্থ ব্যক্তিদিগকে দেখাইয়া বলিবে
বে দেথ ইহাতে তৈল মাত্র লাই, তথন তাহাতে জল
ঢালিয়া চতুরতা পূর্মক মম মাথান সলিতাটী পরিবর্ত্ত করিয়া ঐ প্রদাপে দিয়া দীপশলাকা জালিয়া তদ্বারা
'ঐ সলিতা জালিলে উত্তম রূপে প্রঞ্জলিত হইতে
থাকিবে; তদ্দ্টে সকলে আশ্চর্মা জ্ঞান করিবেন।
কিন্তু ঐ স্থানে একটা খুনচিতে খুনা কিয়া গুপ জ্ঞালিলে
গল্পকের তুর্গল্প কেহু পাইবেন না।
ইন্দ্রজান।

ভিজ্ঞা প্রস্তর **হইতে** অগ্নি উৎপন্ন করণের কেশি**ল** চমৎকার কেণ্ডিক।

প্রথমত তপ্ত চুণ দোরা টুটিরা এলেকজেণ্ড্রিনা এবং কালানাইন লেপিদ কেলামিনেরিস (অর্থাৎ আকরীয় মৃতিকা বিশেষ) এই দুবাত্তর সমভাগে লইবে, আর গন্ধক এবং কর্পুরও সমান ভাগে লইয়া সমস্ত দুবা উত্তম রূপে চুণ করনানন্তর ভাল চালনিতে করিয়া চালিয়া এক থগু লিমু কাপড়ে রাখিয়া আনা একটা মুচি ভাছার মুথে চাপা দিবে, তৎপরে তাছা উত্তম রূপে বন্ধন করিয়া মৃতিকার লেপ দিয়া রোজে শুক করিবে

শুক্ক হইলে ঐ চূর্ণ পীতবর্ণ হইবে, তথ্ম ঐ মুচি সর্ব্ব পদ্ধ কুস্তকারের পোয়ানে (অর্থাৎ চুলাতে) দিয়া দগ্ধ হইয়া শিতল হইলে বাহির করিয়া লইলে ঐ চূর্ণ দগ্ধ হইয়া প্রস্তুর হইবে।

অগ্নি জ্বালিবার আবশাক ছইলে ঐ প্রস্তরের এক ভাগ অব্প জলে ভিজাইলে তৎক্ষণাৎ প্রজ্ঞানিত ছইবে তাছার পর ফাঁদিয়া নির্মাণ করিয়া রাখিবে। এই কে তুক দর্শনে সভাস্থাণ চমৎকার জ্ঞান করিবেন। বয়েস ওনবুক।

আশ্চর্য্য অগ্নি যাহা জন দিলেও নির্বাণ হয় না।

ভাল আরবী গোঁদের ক্ষম চূর্ণ ও তিন ঔষ্ণ, সোরা হ হুই ঔষা, গদ্ধক কর্পূর সজ্বদ (ধুনা) এবং টার্পিণ তৈল প্রভাকে এক ঔষা, এই সমস্ত দুব্য একতে উত্থপ পে মিশ্রিত করিয়া অইল আর রেজিনি কারটি, অর্থাৎ দেবদার গাছের থাটি তৈলে ভিজাইয়া কিয়া মাথিয়া কাগজের একটা বভুলাকার অর্থাৎ গোলা নির্মাণ করিয়া ত্যাধ্যে পুরিয়া ৩০ তিম কুটু গভীর জলের মধ্যে নির্কেপ করিবে, কিন্তু ঐ গোলাতে অপ্রে মৃতিকা লেপ দিরা পরে জল মধ্যে নিক্ষেপ করিলে নির্মাণ কা ইইয়া ভূলিতে থাকিবে লেবোরেইরী আর ফুল অব মার্চিম।

অগ্নি ভক্ষণ এবং উত্তপ্ত লোহ দণ্ড প্রভৃতি লেহন করিবার অতি সহজ্ব উপায়।

ইউরোপ থণ্ডের অতি বিখ্যাত রসায়নবিৎ অর্থাৎ কিমিয়া বিদ্যাক্ত পণ্ডিত সংহাদয়েরা পরীক্ষা করিয়া দেখিরাছেন যে মুখের মধ্য ভাগ কোন প্রকার রসে আর্দু করিয়া লোহিত বর্ণ উত্তপ্ত লোহ শলাকা প্রভৃতি লেহন করিলে ও ভদ্বারা জিহ্বা কিছু মাত্র দক্ষ হয় না।

• ইপ্সউইক নামক স্থানের এক প্রসিদ্ধ সভার সভোরা দেং বটিনী সাহেবকে অগ্নি সম গলিত লেছি ছন্ত মন্ন করিতে দৃষ্টি করিবাছিলেন। ঐ সাহেব প্রথমন: একটা জন পূর্ণ ক্ষুদ্ধ ডোঙ্গাতে হল্ত ডুরাইরা ঐ দুর খাতু অকুভোভয়ে উদ্ভোলন করিয়া জল বিন্দুর ন্যার চতুর্দিকে ছড়াইয়া কেলিতে লাগিলেন। ঐ সাহেব কহিয়াছেন, মে উক্ত প্রাকার পদ্ধতি অবলম্বন করিয়া জান্নিবং দূর সীসকেতে হল্ত ডুবাইলে কিছু মাত্র দক্ষ কিম্বা হানি হয় না, বারি কিম্বা এমানিয়া এই হুই বস্তুর মধ্যে কোন এক পদার্থ ব্যবহার করিলে ভার্থাও উত্তও লেছি দণ্ড হল্ত দ্বারা অনায়াসে পার্বা করা বায়।

কিবল এক লোহিত বর্ণ জ্বল পৃথক পৃথক কাচের পাত্রে চালিলে, পীত, নীল, ক্লফ এবং বাইওলেট পুষ্প প্রভৃতি রঙ হইবার প্রক্রিয়া।

প্রথমে এক কাঁচ পাত্রে লগউড লামক কাষ্ঠের রেন্দাকর।
চাঁচনি জল দিয়া ভিজাইলে রক্তিমা বর্ণ জল হইবে,
সেই জল একটা বোতলে পূর্ণ বরিয়া রাখিবে; তৎপরে
তিনটা পান করিবার পাত্র অর্থাৎ ছোট ছোট কাতের
মাস নেজের উপর শ্রেণী পূর্মক বসাইয়া একটাতে ভেজাল

বিনিগার দিয়া বেতি করিবে, দ্বিতীয় পাত্র ওৎক্ষণাৎ জলে ধেতি করিয়া অলপ পরিমাণ কটকিরির চূর্ণ ভাষাতে নিক্ষেপ করিলে, সভাস্থ কোন ব্যক্তি যেন দেখিতে না পার, আর ভৃতীর পাত্রে শ্রুয় অর্থাৎ কিছুমাত্র রাথিবে না, কোতৃক দর্শাইবার সময় পূর্বোক্ত প্রস্তুত করা বোতলের লোহিত বর্ণ জল প্রথম পাত্রে চালিলে বিচিলি থড়ের অথবা মেদেরা সুরার ন্যায় ইইবে, দ্বিতীয় পাত্রে ঐ বোতলের জল চালিলে ক্রমে ফিকে নীল বর্ণ ইইয়া পরে রক্ষা বর্ণ ইইবে, কিন্তু এক থক্ত ছোট লোহা অত্যে গোল্পনে ভাল ছিরকাতে ভুবাইয়া ঐ দ্বিতীয় পাত্রে নাড়িতে ইইবে, আর সর্কাশেষে ভৃতীয় পাত্রে প্রাভালের লোহিত বর্ণ আরক চালিলে ভাইওনেট পুস্পের রঙ ইইবে।

অগ্নির মুখদ অর্থাৎ মুখ এবং হস্তাদি অগ্নিমর করিয়া কে তুক দর্শাওন।

এক কাচের পাত্রে একভাগ ফসদরস অর্থাৎ দীপক আর ৬ ছয় দাগ জলপাই কলের তৈল মিশিত করিয় রাখিলে এই মিশিত দাবা অক্তকারে অতি দীগুমান হইবে কৌতুক দেখাইবার সময় এক থও স্পঞ্জ কিয়া তুলা ঐ মিশিত দাবো ডবাইয়া মুখ এবং চক্ষু মুদিত কর মান্তর আপনার মুখময় এবং হত্তে মাথাইলে অল্পকার গৃহের মধ্যে নীলবর্ণ অগ্রিময় মনুষোর দায় দৃশা হইবে।

আপনার হস্তের (বাহুর) তুল্য স্থূলাকার চেপ্টা লেছি ভগ্ন করিবার অতি সহজ্ঞ কৌশল।

• প্রথমত লেহির যে স্থান তথ্য করিবার মানস হয় সেই স্থানে সাবান গুলিয়া মাধাইয়া রাধিবে, তৎপরে ঐ মর্দন করা স্থানের মধাস্থল (একটা ক্রেনিমুন্সার অর্দ্ধেকের সমান প্রশস্থ) এক থণ্ড বস্তু দারা মুছিয়া পরিস্কার করিবে, পরস্তু এক খানি স্পঞ্জ লইয়া চারিবার চোলাই করা তেজাল জলে তুবাইয়া ঐ লেহিতে মাধাইলে ছয় ঘণ্টার মধ্যে তথ্য হইবে।

इंश्रानिम कल्लिनियन।

অনায়াসে জ্বলনীয় পদার্থকে জল দারা প্রজ্বলিত করিবার প্রক্রিয়া।

প্রথমে একথানি রেকাবি জলে পূর্ণ করিয়া একটা
মরিচ কিন্তা গুপ্তা পরিমাণ এক খণ্ড পোটাসিয়ম ভাষাতে
নিক্ষেপ করিবা মাত্রেই প্রজ্ঞালিত হইরা হঠাৎ স্বপ্পে শব্দ
হইবে, এবং অতি উজ্জল হইরা ভলোপরি জলিতে থাকিবে, আর উত্তপ্ত লোহিতবর্ণ অগ্নির বোলার ন্যায় ঐ
পাত্রের এক দিগ হইতে অন্য দিগে ছুটাতে থাকিবে, ভদ্ফে
সমস্ত দর্শকেরা অতি আনন্দিত হইবেন।

इताः मानम करम्भनित्रन।

মৃত মক্ষিকাকে পুনঃ জীবিত করিবার উপায়।

একটা মক্ষিকা জলে কিয়া স্পীরিট মদিরাতে মগ্ন করিলে
মৃতপ্রার হইবে, তথন রেছি দিয়া লবণ কিয়া চাকথড়ির
অতি ক্ষম গুঁডা তাহার উপরে দিয়া উত্তম রূপে
আচ্ছাদন করিয়া রাখিলে উদ্ধি সংখ্যা এক ঘন্টার মধ্যে
মক্ষিকাটা পুনংজীবিত হইয়া উড্ডীয়মান হইবে, অতি
সাবধানে কোমল হতে মক্ষিকাকে জল হইতে উপিত
করিবে, চাপিয়া ধরিলে একেবারে মরিয়া যায় পুনং জীবিত
হয়না।

মডারেমক্যাবিনেট অব আর্টন।

আজ্ঞকারী ট্যাক্ষড়ি।

কেতিক আরন্তের সময় সভাস্থ সকলকে আপদার চতুংপার্শে দণ্ডায়মান রাধিয়া ভন্মধ্যে কোন ব্যক্তির নিকট একটা
টাকিবড়ী লইয়া প্রথম বাক্তির কর্ণের নিকট ধরিয়া
জিজ্ঞসা করিবে, যে ঘড়ী চনিতেছে কিনা, সে.কহিবে চলিতেছে, ভৎপরে দিভীয় ব্যক্তির কর্ণকুহরে ঐমত ধারণ
করিয়া ঘড়ীকে বন্ধ হইতে কহিলে ভাহাকে ঐরপ জিজ্ঞাসা
করিবে বে, ঘড়ী যথার্থ অচল হইয়াছে কিনা, পরে সভাস্থ
সকলকে প্ররপে ক্রেমে ক্রেমে জিজ্ঞাসা করিবে।

ইহার ভাৎপর্য।

অর্থাৎ কেশিল এই একটা অতি উৎকৃষ্ট ঘড়ী যাহা কথন বন্ধ হয়না, এবং যদ্ধারা যথার্থ সময় নিরূপণ হয়, এমত ঘড়ী কোন ব্যক্তির নিকট লইবে, কিন্তু কেতিক আরন্তের অশ্রে একখণ্ড অয়সকান্তমণি অর্থাৎ
চুবকপ্রস্তর নিজ হস্ত মধ্যে সাবধান পূর্ব্বক লুক্কায়িত
রাখিবে, আর চতুরতা পূর্ব্বক দর্শক গণের অগোচরে চুম্বক
প্রস্তর থানি হস্তে কের বদল করিয়া কেতিক দর্শাইলে
ঘড়িটী বন্ধ হইতে বলিলে বন্ধ, এবং চলিতে বলিলে
চলিবে।

•আপেল অর্থাৎ সেঁওফল সমুদায় আস্ত রাথিয়া ভিতরের শস্য (শাঁস) থগু থগু করণের কে\শল।

একটি (আপেল) দেঁওফল রস্তা লোনা প্রতৃতি এই প্রকার ফলের খোদার নিম্নে প্রতা দিয়া ছুঁচ ফুঁড়িলে অন্য দিগে যে ছিন্ত হইবে, ঐ ছিন্ত দিয়া ঐ প্রচী পুনরায় চালাইবে, অর্থাৎ যে পর্যান্ত ঐ ফলের মধ্যের সমুদায় শদ্য না বেফন করা হয়, তদবি ছুঁচ চালাইতে থাকিবে, তৎপরে স্থার তুই দিগের থাই নিজ হস্তমধ্যে লইয়া টানিলে, ঐ ফল পশুপণ্ড করা হইবে, কিন্তু খোনতে কিছু মাত্র ছেদন করার চিত্র থাকিবে না, এইরপে ঐ ফল পূর্বাহ্রে প্রস্তুত রাধিয়া, কোতৃক দর্শাইবার সময় ফলটি কোন ব্যক্তির হস্তে দিয়া খোদা ছাড়াইতে বলিলে, দে ব্যক্তি খোদা ছাড়াইবামাত্র ফলটি সমুদায় খণ্ড থণ্ড হইয়া পতিত হইলে, দে ব্যক্তি অপ্রতিভ হইবে।

ছেণ্ডবুক অব এমুউজিং এক্সপেরিমেন্ট।

মোহিত করা জল অর্থাৎ একথান থাল জলে রাখিয়া ঐ জল একটি উবুড় করা শৃদ্য উম্বল গ্লাসে উত্তোলন করণ।

প্রথমতঃ এক থানি থালা করিয়া জল রাথিবে,।
তৎপরে এক থগু মোচড়াদ কাগজ অগ্নির শিখার উপর
জালিয়া একটি শূন্য টম্বল প্লাদ মধ্যে ঐ জলন্ত কাগজ
থগু রাথিয়া উল্টাইয়া পূর্বোক্ত থালে জল পূর্ণ করিয়া
তাহাতে টম্বলটি বদাইয়া দিলে, ক্রমে ক্রমে থালার জল
টম্বল প্লাদের অনেক উর্দ্ধে উঠিবে, তাহাতে অপূর্বাশো ভা
হইবে।

বয়েদ এনবুর।

সজীব রূপার সিকি।

প্রথমতঃ কাচের প্রস্তরের কিয়া কাংসপাত্রে আর্থাৎ রেকাবি অথবা বাটিতে একটি রূপার সিকি রাখিলে ঐ সিকি তথা ছইতে আপনি লক্ষ্ণ দিয়া তাছা ছইতে অন্তরে পতিত হয় ; কেত্রিক করণের কোশল এইরূপ যথা, একটা রূপার সিকির ধারের দিকে কুন্ত ছিত্র করিয়া আর্থলাল্পুলের এক গাছি কেশ কিন্না চিক তন্মধ্যে বান্ধিয়া কিন্তিহ অন্তর ছইতে টানিলে, ঐ মুদ্রা লক্ষ্ণ দিয়া আপনি আসিবে, কিন্তু একটা প্রজ্ঞালিত বাতী কৌতুক কারক এবং দর্শকগণের মধ্যে রাথিয়া রাত্রিকালে এই কোতুক দর্শাইলে কেছ জানিতে পারেনা, কেননা দর্শক দিগের চক্ষের দৃষ্টির বাগাত হয়।

এক খোরা কালিকে পরিবর্ত্ত করিয়া স্থানিৎ স্যুসহিত জল করিবার কেশিল।

• নিম্ন লিখিত মতে গোপনে অগ্রো দ্রব্যাদি আয়ো-জন করিয়া প্রস্তুত রাখিবে।

পারা দেওয়া কাঁচের থোরা নচেৎ টেবিল অপেকা উচ্চ হয়, এমত কোন দ্রব্যের উপার প্রস্তর কিলা কাঁচের একটি থোর। রাথিয়া কতকগুলি ক্ষুদ্র নৎসা, একথানি সাদা কাঁচের রেকাবি, আর কাঁচের থোরার মধ্যে থাকিতে পারে এমত এক খণ্ড ক্লফবর্ণ রেশম, আর এই প্রকার চামচ্যা গড়াইতে হইবে, যে তাহার বাঁট ফাঁপা হয়, ও তন্মা এক টাস্প্ৰকল কালি ধরে, ঐ চামচার বাঁটের অগ্রভাগের উপরে একটি ছিদ্র থাকিবে, এ ছিদ্র বন্ধ রাখিতে হইবে, কেন্না ভাষা দিয়া কালি বাছির ছইয়া না পড়ে। সামান্য রূপ কেত্রিক দর্শাইবার কারণ একটি (টম্বল)পানীয়পাত আর চুই তিনটি কুদ্রক্ত মউরলা প্রকীমংস্য প্রভৃতি অতি ক্ষুদ্র হইলে ভাল হয়, পরস্ত র্থ ক্রফরর্ণ রেশম থণ্ড র্থ ক'বচের খোরার মধ্যে এমত রূপে বদাইবে, যেন এ পাত্রে যতন্তর পর্যান্ত ঘষা থাকে, তাহা ঢাকা পড়ে, এবং আর্ক্র হইয়া কাঁতের গাতে সংলগ্ন হয়। তদনন্তর কাঁচের থোরার মধ্যে যে অবণি রুফ্তবর্ণ রেশম থানি দ্বারা আচ্ছাদিত থাকে, ততুপরি পর্যান্ত পরিস্কার জন দিয়া পূর্ণ করিয়া ঐ ক্ষান্ত মৎস্য গুলি তাহাতে ছাড়িয়া দিবে। কেত্রিক দর্শাইটর অত্রে গুপ্ত রূপে ঐ

সমস্ত প্রস্তুত করিয়া রাথিবে। পরস্তু কৌতুক দর্শাইবার সময় সকলের সম্পুথে চামচাার ছিন্তের মুথের ছিপি খুলিয়া ছেলাইয়া গডানে করিয়া ধরিলে, তাহার মধ্যের কালি, গড়াইয়া চামচাার খোলে পড়িবে; তথন সাবধান পূর্ব্ধক কাঁচের থোরার জলোপরি সরিয়া থাকিবে; এবং ক্রম্বর্থ রেশম থানি লুক্কায়িত রাথিবে, তাহাতে দশ কেরা মনে মনে বিবেচনা করিবেন, যে তুমি কাঁচের খোরা ছইতে চামচাা পূর্ণ করিতেছে। তদনস্তর একথানি শুলু বর্ণ রেকাবিতে কালি চালিয়া সভাস্থ সকল ব্যক্তিকে দেখাইয়া বলিবে, যে দেখ ইহাতে কালি ভিন্ন অন্য কিছু নাই, এবং চামচ্যা থানি যদি ভাল করিয়া খোরা ছইতে উচ্চ করিয়া গরিলে তাহারা কোন মতে অবিশ্বাদ করিবেন না, অর্থাৎ খোরাতে যথার্থই কালি থাকা তাহাবের হল বোধ ছইবে।

অনন্তর নিম্নলিখিত মতে চত্রতা প্রক্ ক কে ত্ক আরম্ভ করিবে; দর্শকদের নিকট মুহুর্ত্তের নিমিত্তে একথানি রেশমি হাত রুমাল লইরা ঐ থোরার উপর আচ্ছাদন করিয়া উচ্চৈম্বরে ছল প্রকৃ এই বলিবে, যে এই কালি পরিবত্ত এবং জল কইয়া মহুস্য অইদ্যুক, এই বলিয়া অতিসাবগানে সজ্বাতা পূর্ব্বক থোরার গারে হাত দিয়া ঐ আচ্ছাদিত হাত রুমাল থানি আপনার নিকট টানিবার সময়, ঐ থোরাতে লুক্কাইত থাকা ক্ষ বর্ণ রেশম থণ্ডও ঐ সম্মত্যারে টানিয়া লইয়া লুক্কাইত রাখিবে; তথন থোরা অনাচ্ছাদিত হইলে মহুসা গুলিবেড়াইতে থাকা দৃটে সকলে চমহুকার জ্ঞান করিবেন; সেই সময়ে যে ব্যক্তির

নিকট হাত রমাল খানি কজ্জ লইয়াছিলে তাহাকে ফিরিয়া দিবার সময়চাতুরি পূর্বক অগ্রে রুফ্ট বর্ণ রেশন খানি টেবিলের এপাথে নিজ সমীপে ফেলিয়া দিবে।

ফাডেয়ার্স ফুইনোটন।

কোন আঘাত ব্যতিরেকে নাসিকা হস্ত এবং অন্য অঙ্গাদি ছেদন করিবার কে∮শল।

কৈতিক আরেন্তের প্রাক্কালে যে যে দ্রবাদি যে রূপে প্রস্তুত রাথিতে হইবে, তাহা এই, এক থণ্ড ফিকে রঙ্গের ক্যালিকো বস্তু, কিয়া বস্ত্রের মালিকা নিবারণের নিমিত্তে আছে।দনি অর্থাৎ বেটন, এবং কোন প্রাক্তর লোহিত বর্ণ দ্রব্য ভিজান স্পঞ্জ এক থণ্ড পোর্ট মদিরা কিয়া বিট পালক শাকের গোড়া; একার্কতি এবং এক পরিমিত তুই থানি তুরি তম্বে। এক থানির কলাতে এই রূপ একটা বড় থাঁজ কাটিতে হইবে, যেন নাসিকার উপর রাথিলে নাসিকা ও হও কাটা হওয়া দৃশ্য হয়।



টেবিলের উপর উক্ত দ্রবাদি রাথিয়া অতি ধীরে ধীরে সভাস্থ বাক্তিদিগকে অতি সাহস পূর্বক অথগু এবং নিখঁত ভাল ছুরি দেখাইয়া কহিবে; যে এই দেখ, ছুরি থানি অতি তীক্ষ্ণ এবং শক্ত, কিন্তু ঐ সময়ে উক্ত খঁ।জকাটা ছুরি থানি সাবধান পূর্বক অগ্রে আপনার নিকট লুকাইয়া রাথিবে।

পারস্ত দর্শক এক বাক্তিকে যাহার সহিত পূর্ব্বে সড় থাকে অথবা স্থীয় সমিভাারি এক জনকে বলিবে, সভাস্থ দিগকে সন্মুখ করিরা এই চেয়ারে উপবেশন কর, তোনার শরিরের কোন অংশ হানি করিব না, বলিয়া অথও অর্থাৎ ভাল ছুরিথানি তাহার হস্তের নিচে অথবা নাসিকার উপর আড় করিয়া রাথিয়া তাহার হাত বা নাক মাপিয়া বলিবে, পাছে তোনার বস্ত্রাদি নই হাত বা নাক মাপিয়া বলিবে, পাছে তোনার বস্ত্রাদি নই হাত আথবা গলদেশ ও ঘাড় বেড়িয়া একথানি বস্ত্র আচ্ছাদন দিব; এই বলিয়া টেবিলের নিকট যাইয়া বস্ত্র আনিবার ছলে অর্ক্তিম ছুরিথানি ঐ অবসরে কেছ না জানিতে পারে এমত সতর্কতা পূর্বেক স্থীয় বাম হস্তে লুকায়িত রাথিয়া কৃতিম ছুরির কলা ধরিয়া এমত রূপে উত্তোলন করিবে, যেন ঐ ছুরির গাঁজ কেছ দেখিতে না পায় এবং ঐ সাবকাদে স্পাঞ্জ থানি ও আপনার বাম হস্তে লুকাইবে।

অনন্তর চেকির কাছে অগ্রসর ইইয়া ঐ ব্যক্তির স্করে আপনাব দক্ষিণ হস্ত দিয়া বস্ত্র আচ্ছাদন করিবে এবং হস্ত অথবা নাসিকা ছেদন করা হইয়াছে, এই কথা বলিয়া তাহার বাত্তর নিচের কিম্বা নাকের উপর ছুরি চাপিয়া বসাইয়া দিবে, সেই অবকাশে স্পঞ্জথানি ধীরে ধীরে নিক্ষড়াইয়া কিঞ্জিৎ রঙ তাহার মুখের উপর এবং আচ্ছাদিত বস্ত্রেদিলে ভয়ানক দৃষ্টি হইবে, অর্থাৎ শোণিতময় হইবে, কিয়ৎকাল ঐ অবস্থায় রাখিয়া সকলকে দেধাইবে, ঐবস্তুদ্বার ঐ বক্তির নাসিকার রক্ত মুছিয়া পরিস্কার করিয়।

ঐ ক্লব্রিম ছুরি গোপনে খুলিয়া লুকাইয়া ঐ ব্যক্তির নাসিকা সমস্ত লোককে দেখাইবে, যে দেখ যেমত স্বাভাবিক নাসিকা তেমনি হইল, আর যাহার লাক কাটা হইয়াছিল, তাহাকে অভ্যন্ত সাহসী বলিয়া ধন্যবাদ দিবে। এই চাতুরি দ্বারা বিনা হানিতে মনুষ্যের গলা বাহু প্রভৃতি চ্ছেদন করা কে ভূক দেখান যায় ইতি।

ফ্টাডেয়াস ফুাই নোটস।

একথানি রেশমের রুনালের মধ্যে **ছইতে বাতাসা** রেউড়ি গজা প্রভৃতি বাহির করণ।

কেত্রিক আরন্তের পূর্বে এই রূপ আয়োজন করিতে হইবে, গোটা কয়েক পুলিন্দার মধ্যে বাতাসা রেউড়ি গজাছোট কদমা প্রতৃতি মিন্টান্ন পুরিয়া অতি পাতলা কাগজে এমন করিয়া জড়াইয়া টেবিলের উপর লুক্কাইত রাখিবে, যেন কেছ জানিতে না পারে; এবং হুই একখান রেকাবিও রাখিবে, সন্মুখে যে স্থানে দর্শকেরা বসিবেন, তথা হইতে চারি কিম্না ছয় হাত অন্তরে এমত উক্ত করিয়া টেবিলটি বসাইতে হইবে, যেন ঐ সকল দ্রবাদি কাহারও দ্যিটি

তদনন্তর একজন দর্শকের নিকট একধানি রেশমের কিয়া অন্য কোন বড় রুমাল চাহিয়া লইয়া ঘুরাইতে ঘুরাইতে টেবিলের উপর এমত করিয়া নিক্ষেপ করিবে, যেন একটা পুলিন্দা ঢাকা পড়ে, তৎপত্নে যেস্থানে মিন্টান পুর্ণ করা থলিয়া রাথা হইয়াছে, রুমালের মধ্যন্থান ধ্রিয়া আপনার বাম হস্ত তথায় ঠিক করিয়া মিন্টার পূর্ণ করা থালিয়াটি সেথানে উত্তোলন করিয়া লইবে, কিন্তু ঐ রুমালের ধারের
চারি দিগের কাপড় দ্বারা যেন পুলিন্দা আচ্ছাদিত হয়,
এই রূপ করিয়া একটা কাঠ দণ্ড কিন্তা আপনার দক্ষিণ
হস্ত "এই বাকা বলিয়া ছল পূর্মক এদিক ওদিকে দোলাইতে
থাকিবে; এবং বলিবে যে ওহে রুমাল উপস্থিত
বাবুগণকে কিছু মিন্টার দেও, আর রুমালের নিমুভাগে যে
থালিয়া রাখা হইয়াছে, তাহা দক্ষিণ হস্ত দ্বারা চাপিয়া
ধরিলে ঐ থালিয়া ফাটিয়া ভ্যধার মিন্টার গুলি স্থানান্তর
করিয়া রেকবির উপর নাড়িয়া রাখিবে; এবং কোন
ব্যক্তিকে কহিবে, ওহে তুমি এই মিন্টার গুলি দর্শকগণকে
বার্টিয়া দেও, তথন এই রুমাল অন্য একটা থালিয়ার উপর
নিক্ষেপ করিয়া অন্য অন্য মিন্টার বাহির করিয়া সকলকে
দিলে প্রশংসা করিবে।
ফাডেরার্স ফুাইনোট্য।

কোন, জলাশয়ে অর্থাৎ পুস্করিণীর এক ঘাটে এক ঘটা ভূগ্ধ ঢালিরা ঐ পুস্করিণীর অন্য ঘাটে ঐ ভূগ্ধ পুনরায় উত্তোলন করিবার কৌশল।

উত্তম নির্জনা তুর্ধ 1০ এক পোরা বা অব্ধ দের এক পাত্রে রাথিয়া এক থণ্ড শুভ্রু বস্ত্রু ভাষাতে তুবাইরা শুক্ষ করিবে, পুনরার ঐ ক্ষুদ্র বস্ত্রু থণ্ড ঐ তুর্ধে তুবাইরা শুক্ষ করিবে, এই মত বারংবার করিয়া সমুদায় এক পোরা তুর্ধ ঐ বস্ত্রে ভিজাইয়া উত্তম শুক্ষ করিয়া প্রস্তুত করিয়া রাথিবে, কোতুক দশাইবার সময়, এই বস্ত্রপণ্ড আপনার

পরিধেয় বস্ত্রখণ্ডের মাধ্য কোন স্থানে অতি সাবধানে লুকায়িত রাখিবে; পরস্ত অদ্ধিসের জল ধরে এমত অন্য এক পাত্রে অর্দ্ধদের হুধা লইয়া সকলের সাক্ষাতে श्रक्षतिगीत ज्ञान गानिया मकनाक की घाँठ प्राथा देश कहिरत, যে দেখ, এই পাত্ত মধ্যে কিছু মাত্ত ছুগ্ধ নাই, এই বলিয়া অন্য ঘাটে একক ঘাইয়া এক থণ্ড থাপ বৃদ্রের কাণ্ডার অর্থাৎ ৪ থানি বাখারি জল এবং স্থলে পুতিয়া ঐ বস্ত্র বেড় দিয়া প্রস্তুত করণান্তর তাহার মধ্যে এক শ্ন্য পাত্ৰ জলে ডুবাইয়া তুলিয়া ঐ অবকাশে প্রেয়াক্ত লুকায়িত থাকা তুমো শুষ্ক করা বস্তু খানি ঐ ঘটির মধ্যে ভাল করিয়া রগড়াইয়া সমুদায় তুম যাহাতে ধোত হয়, এমত করিয়া বস্ত্রথগু পুনরায় লুকাইয়া ঐ क्रभ पूर्व भूर्व घर्षी मकलरक प्रिशाहित, এवर भाग क्रिट দিবে, স্বাদের কিছুমাত্র বৈলক্ষণ্য ছইবে না, এবং ঐ ত্রা দাধ বসান যাইবে।

চূণকে ছরিক্রাবর্ণ করণ।

পূর্বাহে কিঞ্জিৎ কাঁচা অর্থাৎ অপক্ক অন্দের থোসা হন্তের তালুর মধ্যে ভালরূপে ঘর্ষণ করিয়া শুথাইরা প্রস্তুত রাথিবে, পরে কোন ব্যক্তিকে তাহার হস্তে শুভ্রু চুণ রাথিতে বলিয়া আপনার হস্ত খুলিয়া দেখাইয়া বলিবে, যে আমার হাতের তালুতে কিছুমাত্র নাই, স্কুতরাথ কেহ কিছু জানিতে পারিবে না। তদনন্তর কহিবে যে কেবল জল দিয়া তোমার হাতের চুণকে হরিদ্রাবর্ণ করিব, এই বাক্য বলিয়া কিঞ্জিৎ জন হাতের তালুতে দিয়া ছলপূর্পক মন্ত্র পড়িয়া অঙ্গুলি ছারা রগড়াইয়া যাহার হত্তে চূণ আছে তাহাতে এই জন দিবামাত্রেই হরিদ্রা বর্ণ হইবে॥ ভানুমতি ইক্সজান।

হস্ত দ্বারা স্পর্শ কা করিয়া এক প্রকার দ্রব দ্রব্যকে নীল, লাইলেক পিচফলের রঙ, এবং লোহিত বর্ণ করিবার প্রক্রিয়া।

একটা হাঁচ পাতে অর্থাৎ শিশিতে এক গুল্দ পরিমাণ কৃষ্টিক সোড়া দ্রবীভূত করা জল রাথিয়া, তাহাতে এক দ্রাম নাইট্রেট অব কোবালুট চূর্ব সংযোগ করিলে লব-ণের বিয়োগ হইয়া দীলবর্ণ অক্সিড অব কোবালুট নিম্নেছিতি হইবে। তৎপরে ঐ শিশির মুখ ছিপি দ্বারা বদ্ধ করিলে, প্রথমে ঐ দ্ববীভূত দ্রব্য নীলবর্ণ হইবার অপ্পক্ষণ পরেই তাহা গিয়া লাইলেক প্রস্থের বর্ণ হইবে; পুনরায় তাহা পরিবর্ত্ত হইয়া পিচফলের রঙ হয়, সর্ব্ধশেষে অবাের লােহিতবর্ণ হইবে। বয়েসওনবুক।

অগ্নির উপর নদির প্রতিরূপ দর্শাইবার কেশিল।

এক চাপা উত্তম দানাদার সর্করার উপর ৫।৭ কোঁটা ফফ্যারিক ইথার নিক্ষেপ করিয়া এক গ্লাস উফ জলের উপর রাখিলে অতি মনোহর শোভা হইবে, এবং ঐ অব্য নাড়িয়া দিলে অতিরিক্ত সৌন্দর্য্য রাদ্ধি হইয়া নাদর ন্যায় দৃশ্য হয়।

বয়েস এনবুক। বিনা অগ্নিতে অন্ন পাক করণের কেশিন।

একটা হাঁড়ীতে সদ্যদ্ধ করা ॥০ অদ্ধানর পরিমাণ গোড়া চূণ রাথিয়া, তাহাতে এত পরিমাণে জল দিবে, বিদে সমুদায় চুণ তিজিয়া ফুলেলে জলের মধ্যেই থাকে, দেখা না যায়, তদনস্তর ঐ জল ক্ষণেক কাল পরে এত ক্রেপ উত্তাপিত হইবে, যে তাহাতে চাউল দিলে সিদ্ধ হইতে থাকিবে, এবং ফুটীয়া সুপক্ক অম হইবে। কিন্তু কোকরের পূব্বাহ্নে হাঁড়ি করিয়া চুণ তিজাইয়া লুক্কায়িত রাথিবে; পরে কোতুক আরন্তের সময় জল শুদ্ধ হাঁড়িতে চাউল সকলের সাক্ষাতে নিক্ষেপ করিবে, অদ্ধ ঘন্টা পরে আপনার হন্তে করিয়া অম তুলিয়া দেখাইবে।

কাঁচ নির্মিত ছুই পাত্রের উপর একটি কাটী রাখিয়া কাঁচ পত্র না ভাঙ্গিয়া কাটী ভাঙ্গিবার কৌশল।

যে কাটা ভাঙ্গিতে ছইবে, তাছা অতি স্থূল এবং ভারি না হয় এবং কাঁচ পাত্রের উপর চ পিয়া না বৈদে, আর ঐ কাটীর অঞাভাগ অর্থাৎ চুই দিগের আগা শুণাকৃতি ও পরিমানে সমান কোন মতে বড় ছোট, এবং নোটা সক না হয়; এই প্রকার কাটী লইতে ছইবে, ভাষা হইলে কাটির মধ্য ভাগ অনায়াসেই নিরূপণ করা যাইতে পারিবে, ঐ রূপ কাঁচ পাত্রে ছুটাও সক্ষ্মি প্রকারে সমান অর্থাৎ উচ্চ নীচ এবং পরিমাণে একরূপ হইবে; ঐ কাটী চিতভাবে চুইটী কাঁচ পাত্রের কানার

অর্থাৎ ধারের উপর রাখিবে, কোন দিগে ছেলিয়া না যায় এবং ঝুঁকে না পড়ে, কেবল কাটীর চুই দিগের অগ্রভাগ কাঁচ পাত্রের কানার উপর ঠেকিয়া থাকিবে, এই রূপে রাখিতে হইবে; তদনস্তর কাঁচ পাত্র পরস্পারের অস্তরতা বিবেচনা করিয়া ঐ কাটীর ঠিক মধ্যন্থলে অতি ভ্রায় এক মুফীঘাত করিলেই কাঁচ পাত্র না ভাঙ্গিয়া কাটী ভগ্ন হইবে।

বোলার নৃত্য অর্থাৎ গুটীকা নাচাওন।

তামেুর তার দ্বারা গজশুণ্ডের নায় একটা আরুতি প্রস্তুত করিয়া একটা ফোয়ারার চুদ্ধির উপর উল্টা করিয়া রাধিবে, পরে বেডে ২॥০ ইঞ্চ পরিয়ান একটা ফাঁপা তামেুর বোলা প্রস্তুত করিয়া উক্ত আরুতির অপ্র-শস্থ স্থানে অর্থাৎ সক জায়গায় এমত রূপে নিক্ষেপ করিবে যেন ফোয়ারার চুদ্ধিতে সংলগ্প হইতে পারে, এই রূপ করিলে প্রতীকাটী যে পর্যান্ত প্রবল বায়ু দ্বায়া নিম্নে না আইসে, তাবৎকাল শ্লামার্গে কুলিতে থাকিবে, এবং পুন পুন এক বার শ্লামু উঠিবে, আরবার নিম্নে পতিত হইতে থাকিবে, তাহাতে অতি শোতা হইবে।

इंशः रामनम तूक व्यव अभिजेक्सामे ।

কাঁচ পাত্তের উপর মসী বাতিরেকে কেবল রেগিদ্রে রাধিলে অক্ষর লিখন এবং চিত্র বিচিত্র ছপ্তনের কোশল।

প্রথমত চাক থড়িকে একোরাফরটীস অর্থাৎ যবক্ষা-রামে তুর্ধের মত করিয়া এব করিবে, পরে অতিশয় ভেজাল সলুসন্ অব সিলবর (Solution of Silver) অর্থাৎ কাঠিক তাছাতে সংযোগ করিয়া একটা কাঁচের ডিকেণ্টার (Decanter) অর্থাৎ ব্লছৎ বোডলে ঢালিয়া কাঁচের ছিপি দিয়া বোডলের মুখ বন্ধ করিয়া রাখিবে; তদনন্তর একখণ্ড কাগজে কাঁচি দিয়া অক্ষর কিষা অন্য আরুতি কাটিয়া ঐ বোডলের গাতে বাবলার বা অন্য আটা দিয়া তাল-রূপ বলাইয়া এমতভাবে রেজির রাখিবে যেন স্থা কিরণ ঐ কাগজ কাটা অক্ষর বা চিত্র বিচিত্রের উপর পড়ে অর্থাৎ মধ্য দিয়া বোডলের মধ্যন্থিত দ্রবীভূত বস্তুর মধ্যে সংস্পর্শ হয়, তাছাতে ঐ বোডলের কাগজ আঁটা ছানে খেতবর্ণ আর যে যে ছানে অক্ষরের প্রতিরূপ কাটা আছে সেই সেই ছানে রুক্ষরণ হইবে, কিন্তু তৎকালে কেছ বোডল

ঐ বোতন গোপনে পূর্ব্বোক্তরণে প্রস্তুত করিয়া সকলের সাক্ষাতে রেডির বাছির করিবে।

Young Man's Book of Amusement.

বিনা ক্লেশে মন্তকোপরি উনান রাখিয়া লোহ কড়া করিয়া লুচি প্রভৃতি ভাজিবার কোশন।

মৃত্তিকার একটা তোলা উনান গড়িরা তলদেশ ফাঁক রাধিবে, কিছুমাত্র মৃত্তিকা থাকিবে না, কিন্তু আকার ভিতরে তলার কিছু উর্জভাগে তিনদিগে তিনটী লোছার ছোট ছোট সলা বিদ্ধিরা শুক করিয়া রাধিবে; আর ঐ উনানের মধ্যে প্রবেশ হইতে পারে, এমত একখানি মৃত্তিকার গোল চাক্তীও নির্মান করিয়া সমস্ত প্রস্তুত রাখিবে।

কোতৃক দর্শাইবার সময় স্থীয় সমিভ্যারি ব্যক্তির মধ্যে বাহার মন্তকে অনেক কেশ থাকে এমত এক ব্যক্তিকে ঐ রক্ষপ্রলে বসাইবে, এবং উনানটির তলভাগ অন্তর হইতে দর্শকগণকে দেখাইয়া কাপড়ের বিঁভা তাহার মন্তকে দিয়া উনান বসাইবে, তদনন্তর কিছু বক্তৃতা করিয়া স্বন্প সময়ের নিমিত্তে ঐ ব্যক্তিকে বক্সে আচ্ছাদিত করত স্থীয় সমীপে শুকারিত থাকা ঐ যুত্তিকার চাক্তীখানি চুলার মধ্যে পুরিয়া ঐ তিনটি সলার উপর আটকাইয়া আরত বন্ত্র খুলিয়া সকলের সাক্ষাতে তৈল মাখান মসাল হুই তিনটী স্থালিয়া উনানে দিয়া ছোট একখানি তৈলম্বদ্ধ লোহার কড়া বসাইয়া শুচি প্রভৃতি অনায়াসে ভাজিতে থাকিবে, কিয়ৎক্ষণ পরে পুনরার মৃত্র্তের জন্যে বন্ত্রাচ্ছাদন দিরা অগ্নি নির্বান করত চাক্ততিথানি শুকাইয়া রাখিবে।

গো, চ, যো।

(Magic Ink) গোলাপী রক্তের মায়াকৃত মদী।

(Acetic Acid) অ্যাসিটিক্ এসিড এক কাঁচ কিষা প্রস্তারের পাত্রে রাখিয়া (Oxide of Cobalt) অকসাইড অব কোবাণ্ট্ তাহাতে সংযোগ করিয়া ত্রব করনানস্তর কিঞ্চিৎ যবাক্ষার মিশাইরা কোন লিখন কিছা চিত্রপট লিখিয়া অগ্নির অঁ।চে ধরিলে গোলাপী রঙ হইবে, কিন্তু শীতল হইলে পুনরার অদৃশ্য হইবে।

পীত বৰ।

• ভুতিরা আর (Muriate of Ammonia) মিউরিয়েট অব এমোনিরা সমভাগে জব করনানস্তর তদ্বারা লিখিয়া অগ্নির উত্তাপে ধরিলে পীত বর্ণ অক্ষর হইবে, এবং শীতল হইবা-দাত্র অদৃশ্য হইবে।

সবুজ বর্ণ।

(Muriate of Cobalt) মিউরিয়েট অব কোবার্ল্ট স্বাভাবিক নীল আভাযুক্ত সরুজ, কিন্তু জলে দ্রব করিলে পাটল বর্ণ হইবে; ইহাদারা লিখিলে অক্ষর অদৃশ্য হয়, কিন্তু স্বত্প উত্তাপ দিলে অতি উজ্জল সরুজ হইয়া শীতল হইলে অদৃশ্য হইবে।

नील वर्ग।

গোটাকত (Prussiate of Potash) প্রশিরেট অব পোটাসের দানা জলে দ্রব করিয়া নিখিলে শুক হইয়া অদৃশ্য হইবে, কিন্তু যবাক্ষারামে একটী লোহার প্রেক গলাইয়া ৮গুণ জলদিয়া পাতলা করিয়া অক্ষর ধূইলেই অতি স্পক্ত নীলবর্ণ হইবে।

Marvels of Chemical and Optical Magic.

areces of Onemicas and Optical Maye.

অতি মনোহর কোতুক।

এক কাঁচের কিষা প্রস্তারের পাত্তে এক কিষা হুই ধার পরিমাণ (Potassium) পোটাসিয়ম আর ও পরিমাণ (Sodium) সোডিয়ম ছুরি দারা উত্তমরূপে মিশ্রিত করিলে সহজেই মিশ্রিত হইয়া খাইদ হইবে; এই মিশ্রিত দ্রব্যের সহিত এক বিন্দু পারদ সংযোগ করিয়া নাড়িয়া দিলে অতি মনোহর অগ্নির শিখা উঠিবে।

Young Man's Book of Amusement.

হাল্কা কাষ্ঠ জলের মধ্যে ডুবাইয়া রাখিবার অতি সহজ কোশল।

হাল্কা কাষ্ঠ স্বভাবতই জলে ভাসিয়া উঠে, কিন্তু
নিচের লিখিত কোশল দারা অক্লেশে প্রস্তুরের স্থায়
জল মধ্যে ডুবাইয়া রাখা যায়; তাহা এই, প্রথমে হুই
খণ্ড দেবদাক প্রভৃতি হাল্কা কাষ্ঠ র্ন্যাদা দারা এমত রূপে
চৌরস করিবে, যেন এক খণ্ডের উপর অন্থ খণ্ড রাখিলে
উত্তমরূপে সংযোগ অর্থাৎ মিলন হইতে পারে, এবং কিছু
মাত্র ফাঁক না খাকে, আর জল প্রবেশ হইতে না পারে;
এই প্রকারে হুই খণ্ড কাষ্ঠ প্রস্তুত করিয়া রাখিবে; তদনস্তর
একটী টবে কিন্তা মৃত্তিকার গামলার তলদেশে উপরোক্ত
প্রস্তুত করা এক খণ্ড কাষ্ঠ অতি গোপনে (cement)
সিমেন্ট অর্থাৎ পুটিন বা আটা দিয়া ঐ গামলার তলায়
আঁটিয়া অপর থণ্ড তাহার উপর সমান করিয়া বসাইয়া
তাহার উপর একটী কাঠী দারা চাপিয়া জল ঢালিয়া গামলা
পরিপূর্ণ হইলে কাঠী তুলিয়া লইলেণ্ড কাষ্ঠ কদাচ
ভাসিয়া উঠিবে না বরং প্রস্তুরের স্থায় ডুবিয়াখাকিবে; কিন্তু

কার্চ খণ্ডধরের মধ্যে কিঞ্চিমাত্র ফাঁক ছইলেই জ্ঞল প্রবেশ করিয়া ভাসিয়া উঠিবে, ইহার কারণ, জ্ঞল কার্চ অপেকা ,অনেক ভারি, স্থতরাং জ্ঞালের চাপন দারা কার্চ ভাসিতে পারে না ডুবিয়া থাকে।

Young Man's Book of Amusement.

ৰরূণের অগ্নি।

একটী ক্ষুদ্র (tumbler) অর্থাৎ পান করিবার পারে নির্মাল জল ঢালিরা তন্মধ্যে এক কিছা ছই খণ্ড (Phosphoret of Lime) ফক্ষোরেট অব লাইম্ নিক্ষেপ করিলে স্বংপাকাল পারেই জলের উপর ছইতে অতি মনোছর অগ্নির প্রতা নির্মাত ছইতে থাকিবে; কিন্তু অত্যে ধূন্দ্রময় ছইরা পরে অগ্নির ছটা দৃষ্য ছইবে।

Young Man's Book of Amusement.

অগ্নির উত্তাপ দার। জল জমাট করিবার কোশল*।

প্রথমত বহির সমুখে এক খানি ফুলের উপর /১
এক সের জলধরে এমত একটা ভাগু রাখিবে; কিন্তু অথ্যে
ফুলের উপর কিঞ্চিৎ জল নিক্ষেপ করিয়া পরে ভাগু
বসাইবে; পরস্তু গোপনে হস্তে ধরে অর্থাৎ এক নোট লবন
প্র পাত্রে দিয়া ঐ পরিমাণে বরফ সংযোগ করিলে দশ
মিনিট কাল নাড়িতে নাড়িতে জল জমিয়া যাইবে।

Young Man's Book of Amusement.

^{*} এই কোতৃক শীত ঋতু ভিন্ন অন্ত ঋতুতে কদাচ হয় মা।

বধীরের প্রবণ শক্তি হওরা।

প্রথমত একটা বংশী, গিটার, সেতার, এসরাজ কিষা তারযুক্ত এমত বাছ্মযন্ত্র যাহার ডাণ্ডির দিক কিছু দীর্ঘাকার এই রূপ বাছ্মযন্ত্র লইরা অর্থাে বধীর ব্যক্তিকে ইঙ্গিত দ্বারা অর্থাৎ চারে চারে ঐ যন্ত্রের গলদেশের অগ্রভাগ দন্ত দ্বারা ধারণ করাইয়া, ছড়ি অর্থাৎ কামানি দ্বারা বাছ্য করিলে ঐ ধনি বধীর ব্যক্তির মুখের মধ্যে প্রবেশিয়া তাহার মুখের তালুর ছিদ্র দ্বারা অবণ ইন্দ্রিয়ে গোলে সে আনন্দিত হইয়া বাছ্মধনি শুনিতে পাইবে; এই রূপ করিয়া বহু সংখ্যক বধীর ব্যক্তির অবণ শক্তি হওয়া দৃষ্ঠা হইয়াছে। ইহা পরীক্ষা করিতে ইচ্ছা হইলে কোন ব্যক্তি স্বীয় কর্ণকূহরে অঙ্গুলি দিয়া দন্ত দ্বারা ঐ যক্তর ধরিয়া থাকিলে অপর বক্তি বাছ্মধনি করিলে অবন্থা শুনিতে পাইবে।

Boy's Own Book.

হাত ৰুমালের উনান প্রস্তুত করণের কেশিল।

প্রথমে ট্যাক ঘড়ির (ধাতু নির্মিত) একখানি কেস অর্থাৎ খোল, হাতরমালের এক পার্ম্ব দিয়া একহারা করিয়া এমত করিয়া আচ্ছাদন করিবে, যেন যেদিণো ঘড়ির গ্লাস খাকে রুমালের খুঁট এবং ধার সেইদিগে টানিয়া হস্ত দ্বারা ধারণ করিবে, কোনদিগো যেন কোঁচকান এবং আলগানা হয়। তদনস্তর রুমাল দ্বারা আচ্ছাদিত করা কেসের উপর একখণ্ড জ্বলস্ত অক্লার কিয়া এক খণ্ড জ্বলস্ত

কাগজ তাহার উপর রাখিলে রমাল দগ্ধ হইবে না, কিবল অগ্নির উত্তাপ ধাতুর উপর স্থিত হইবার জ্ঞতে তাহার উপর দিয়া যাইতে থাকিবে।

Boy's Own Book

পরসা কিন্তা টাকা কূপের মধ্যে কিন্তা পুরুরিণীতে নিক্ষেপ করিয়া অন্ত ঘাট হইতে উত্তোলন করণ।

• প্রথমত গোপনে একটী টাকা অথবা প্রসাতে কোনরূপ চিহ্ন করিয়া আপনার নিকট লুক্কারিত রাখিবে, পরে কোন ব্যক্তিকে বলিবে, একটী টাকা বাপরসাআমাকে দেও চিহ্ন করিয়া দিই, সে ব্যক্তি হত্তে টাকা দিলে যেরূপ চিহ্ন আপনার নিকট লুক্কারিত টাকা অথবা প্রসাতে করিয়াছ সেইরূপ চিহ্ন প্র টাকাতে করিয়াপ্র ব্যক্তির হত্তে দিরা কহিবে, তুমি অহতে টাকা কূপ মধ্যে কিয়া পৃষ্কবিশীতে নিক্ষেপ কর, সে নিক্ষেপ করিলে, তুমি অহ্ত অহ্ত কোতৃক দর্শাইরা কিঞ্চিৎ পরে হঠাৎ প্র কূপের নিকট অথবা পৃষ্কবিশীর ঘাটে গিয়া আপনার নিকট লুক্কারিত অথবা পৃষ্কবিশীর ঘাটে গিয়া আপনার নিকট লুক্কারিত আথবা প্রসাবা টাকা দর্শকেরদের অজ্ঞাতসারে কোশল কমে স্বীয় হত্তে লুক্কারিত রাখিয়া জলমধ্যে আপন হস্ত ভুবাইরা প্র টাকা উত্তোলন করিয়া প্র ব্যক্তিকে সমস্ত লোকের সম্মুর্থে দিলে চম্ৎকার জ্ঞান করিবেন।

Hindee Indrojal

হর্ষণ দারা হুইটা মিশ্রিত ধাতুকে দ্রব করণ। শ্রম্মে এক পাত্রে এক ভাগ পারদ এবং হুই ভাগ (Bismuth) বিন্দাধ ধাতু গলাইবে, আর অপর পাত্তে এক ভাগ পারদ আর চারি তার নিন গলাইরা রাধিলে, কণেক কাল পরে ঐ পৃথক ছই পাত্রিছত ধাতু সম্পূর্ণরূপে অতি কঠিন হইবে। পূর্বে এই নকল প্রস্তুত রাধিতে হইবে, সেই সময় উভয় ধাতুর ভেলা পৃথক করিয়া অগ্লিতে স্পর্শন করিলে যেরপ গলে সেইরপ ঐ ছই ডেলা পরস্পর ঘর্ষণ করিলে ঘরায় গলিয়া যাইবে।

Boy's Own Book.

কুকুটকে মোহিত করণ অর্থাৎ কুকুটকে স্পন্দ রহিত করিয়া পুনরায় সজীব করণ।

একটী কুকুটের চুইদিগের পাখা হুই হস্তদারা ভালরপে চাপিরা ধরিয়া গৃহমধ্যে আনিয়া টেবিলে এমত করিয়া রাখিবে যেন তাহার চঞুর অগ্রভাগ ঠিক সোজা খাকে কোনমতে বাঁকা না হয়, তংপরে প্র গৃহের কোন ব্যক্তিকে প্র বিহলমের চঞু হইতে ঠিক সোজা একখানি চাকখড়ি দিয়া একটা রেখা টানিতে বলিবে।পরে প্র পক্ষির সমীপে যংপরোনান্তি শব্দ করিলেও তাহার নিজাভক্ষ হইবে না, যে অবস্থায় রাখা হইয়াছে সেই অবস্থাতেই খাকিবে।

Boy's Own Book.

মুক্তার কোতৃক।

প্রথমে স্থীর হত্তের রন্ধান্ত্র্নিতে স্বম্পা মম সংলগ্ন করিয়া নিকটে দণ্ডারমান থাকা কোন এক ব্যক্তির অনুলি ধরিবে, পরে একটী সিকি দেখাইয়া কহিবে, যে এই সিকি তোমার হস্তে দিব এই বলিয়া তাহাকৈ দিয়া আপনার হস্তের মন দেওরা রক্ষালুলি দিয়া তাহার হস্তের অলুলিতে মোড়া দিবে, এই প্রকার বক্তৃতা করিয়া তাহার দিকে দৃষ্টিপাত করিবে। এবং হঠাং স্থীয় রক্ষালুলি তাহার হস্ত হইতে খুলিয়া লইলে এ সিকি তাহাতে সংলগ্ন হইয়া আসিবে, কেহজানিতে পারিবে না। তখন তাহাকে হস্ত মুটা করিতে বলিবে, সে হস্ত মুটা করিলে তাহার বোধ হইবে যে সিকি আহে। তৎপরে মুটা খুলিতে বলিবে, সে মুটা খুলিলে সিকি দেখিতে পাইবে না এবং আশ্চর্য জ্ঞান করিবে।

নেবুচ্ছেদন করিয়া শোণিত নির্গত করা।

প্রথমে অন্মদেশের লেছি নির্মিত লোছার বাঁটের একখানি ছুরিতে রক্ত বর্ণের জবা পুষ্প ঘর্শন করিয়া শুদ্ধ ছইলে ঐ ছুরি দিয়া গোঁড়া কিষা পাতি নেবু কার্টিলে রক্তের ন্যায় পতিত ছইবে।

প্রবঞ্চক সন্ন্যাসি প্রভৃতিরা অজ্ঞ ব্যক্তিগণকে কছে যে, তোমার শত্রুকে নিপাত করিব বলিয়া পূর্ব্বোক্তরূপে নেরু কাটিয়া শোণিত নির্বাত করিয়া বলিয়া থাকে তোমার শত্রু নিপাত হইল, এই প্রকারে বঞ্চনা করিয়া অর্থ উপার্ক্তন করে।

কোন মোকদমার শুভাশুভ অত্যে কহিবার জন্য পত্রাবদী কর'

সোঁড়া নেবুর রসে স্তন লেখনীয়ারা ভাল শুল্ল কার্যা জোপরি, "মোকদ্দমা জয়ী ছইবে, কিছা কর্ম কার্য্যে মঙ্গল ছইবে" এইমত প্রশ্ন কতকগুলি পূর্ব্বাহ্নে লিখিয়া কার্যজের দেখা শুক্ষ করিয়া আপনার নিকট লুকারিত রাখিনে। ঘখন কোন প্রশ্নকারক ভোমার সমুখে স্বীয় অভিলবিত করা মোকদ্দমার জয়ী কিছা কোন বিষয় কার্য্যে মঙ্গল ছইবে কি না, এইরপ প্রশ্ন করিলে তাছার নিকট ছইতে এক খণ্ড শাদা কার্যজ্ঞ লইয়া স্বীয় বজ্রের মধ্যে পূর্ব্বোক্ত লুকায়িত থাকা কার্যজ্ঞ খানি পরিবর্ত্তন করত আপনার নিকট রাখিয়া নেবুর রসে লেখা কার্যজ্ঞখানি মোড়ক বাঁধিয়া ছোম করণ ছলে ছোমহুণ্ডে য়ত বিল্যদল দিয়া আছতি দিবে, পরে মোড়ক খুলিয়া ঐ কার্যজ্ঞখানি তাছাতে নিক্ষেপ করিলেই প্রজ্ঞ্জানিত অক্ষরে মোকদ্দমায় জয়ী ছওয়া শব্দ প্রভৃতি দৃশ্য ছইবে। এই শঠতা দ্বারা অনেকে বঞ্চনা করিয়া অর্থ লইয়া থাকে।

তিন চারি প্রকার রং একত্রে মিশ্রিত করিয়া ভক্ষণ করানান্তর পুনরায় ঐ সকল রঙ পৃথক পৃথক করিয়া বাহির করিবার কোশল।

সভাস্থ সমস্ত ব্যক্তিদিগোর সমুখে হরিজা, কোঁটা করিবার রুদি, নীসবড়ি, শিরীপত্ত শুক্তকরা, প্রভৃতি বস্তু অর্থাৎ এই রূপ দ্রব্য যাহাতে মুখের হানিজনক না হর, চূর্ণ করিয়া একটা পিওল কিষা কাঁচের বাটিতে একত্রে মিপ্রিড ক্ষরত জলে গুলিয়া আপনার মুখ মধ্যে দিয়া ভক্ষণ করিবে, অধবা ধু ধু করিয়া কেলিয়া দিবে, কিন্তু ইতিপূর্ব্বে ধন (oilcloth) অইলক্লখ বা কেলিকো(calico) কাপড়ের ক্ষুদ্র ক্ষুদ্র প্রটলি করিয়া তমধ্যে ঐ রূপ তিন চারি প্রকার গুঁড়া পুরিয়া প৪ পুটলির মুখ স্তুত্র দ্বারা ভাল রূপে বান্ধিয়া মুখের কিসে লুক্কায়িত রাখিবে। পরে এক একটা পুঁটলি দাঁত দিয়া কাটিয়া তিনবারে তিন প্রকার চূর্ণ পৃথক পৃথক করিয়া নিক্ষেপ করিলে দর্শকেরা চমৎক্ষত হইবেন।

Hindee Indrojal.

ভয়ানক মূর্ত্তি ধারণ করা অর্থাৎ সং সাজা।

কতকগুলি মাজুফল উত্তমরপে চুর্ণ করিয়। একখানি তওয়ালে বা গামছাতে ছড়াইয়া দিবে, পরে অন্য এক পাত্রে জল রাখিয়া কটা রঙের তুতিয়া নিক্ষেপ করিলে তাছা দ্রেব ছইয়া অতি নির্মান জল হইবে। এইয়পে পূর্বাহে প্রস্তুত করিয়া রাখিবে। কোন ব্যক্তিকে অপ্র-তিভ করিতে ইচ্ছা হইলে কিয়া স্বীয় মূর্ত্তি পরিবর্তন করিয়া কোতৃক দেখাইতে ছইলে, ঐ জলে মুখ প্রকালন করাইয়া বা করিয়া ঐ গামছা দিয়া মুখ মুছিলে হস্ত পদাদি তৎক্ষণাৎ ভয়ানক য়য়বর্ণ হইবে, কিন্তু কিছুদিন পরে সাবান বা নেবুর রস মাধিয়া ধেতি করিলে উঠিয়া বাইবে।

কটা রডের কাগজ (Phosphorus) এবং ঘর্ষণ ভারা দক্ষ করণ।

১ এক প্রেণ (grain) বা এক রতি পরিমাণ (Phosphorus) ক্লুকারস (Blotting) কাগজোপরি রাধিরা শুদ্ধ করিয়া একখানি কটা বর্ণ কাগজ প্রাউন রঙের কাগজ তাহাতে গোল করিয়া জড়াইয়া কোন কঠিন বস্তুতে ঘর্ষণ করিলে ঐ কাগজ প্রজ্ঞালত হয়। গোপনে পূর্ব্বে ঐ রূপে উক্ত বস্তু সমূহ প্রস্তুত করিয়া কোতুক দেখাইবার সময় কঠিন দ্রব্যে ঘর্ষণ করিবে।

Boy's Own Book.

উষ্ণ জলে অগ্নি প্রজ্ঞানিত করণ।

একখণ্ড কাগজের উপর ক্ষুদ্র এক খণ্ড ফম্পরস (দীপক) রাখিরা উক্ষজনের উপর ঐ কাগজ রাখিনেই দ্বীপক প্রজ্ঞানিত হয়।

Boy's Own Book.

জল মধ্যে মম বা বসার বাতি প্রজ্জ্বলিত করণ।

একটি টয়ল গ্লাদের মুখের উপর একখণ্ড ক্ষুদ্র কাষ্ঠ্ আড়া আড়ি ভাবে বাদ্ধিয়া একটি ছোট মম বা বদার স্থালন্ত বাভি ভাছাতে আটকাইয়া দিবে কিন্তু বাভিটীর স্থালন্ত দিশ গ্লাদের মধ্যে থাকিবে, পরন্ত হন্ত দ্বির এবং শব্দু করিয়া গ্লাস উলটাইয়া ধরিয়া জ্বলপূর্ণ গামলা বা টবে গ্লাদের মুখ জলে ঠেকবিয়া সাবধানে ঠিক সোজা করিয়া ভুবাইলে বাতি জনমধ্যে জ্বলিতে থাকিবে, এবং ঐ প্রজ্জ্বলিতাবন্ধায় উত্তোলন করা যাইবে। উক্ত প্রকারে একখণ্ড হাতকমাদ

রাক্ত করিয়া জড়াইয়া জলমধ্যে ডুবাইলে আর্জ হয়না
ভক্ষাবস্থায় উত্তোলন করা যাইতে পারে।

এই কোঁতুকের মূল কারণ হস্তের সাফাইভিন্ন অন্য নছে, হস্তস্থির করিয়া ধরিয়া জলের সহিত ঠিক সমান রাখিতে হয়, কিঞ্চিমাত্র প্লাস বক্ত হইলে তম্বধ্যে জল প্রবেশ হইরা বাতি নির্বাণ হয়।

B. O. B.

ইংরাজ্বদের বড় হ্যাট টুপির মধ্যে ডিম্বের পিষ্টক ভাজিবার কেশিল।

প্রথমে কুকুট কিন্না হংসের ৪ চারিটা অণ্ড হত্তে লইরা, বাজিকরদিশের ন্যায় নানাবিধ বত্তা করিয়া দর্শক-গণকে বলিবে, যে তোমরা দেখ টুপি করিয়া এই অণ্ডগুলির পিউক ভাজিব, এই কহিয়া অণ্ডগুলি টুপির ভিতর ভাজিয়া (Spirit Lamp) স্পীরিট ল্যাম্পা অর্থাং স্পীরিট মদিরার জ্বলন্ড দীপের উপরে এক মৃত্র্ত্তকাল হত্তে করিয়াধারণ করনান্তর টুপির মধ্য হইতে রন্ধন করা পিউক সকলের সন্মুখে বাহির করিয়া উত্তপ্ত খাইতে দিবে। তদ্ধুটে কাণ পাতলা অর্থাং যাহারা হঠাং প্রত্যেয় করে, তাহারা বিবেচনা করিবেন যে অবশ্য কোন মসলা দ্বারা বিনা ম্মিতে পিউক রন্ধন করিয়াছে।

এই ভেক্ষী করণের গুপ্ত কখা এই, যে কোতুক দর্শাইবার অত্যে, খান কয়েক পিফক ভাজিয়া টুপির ভিতর
পুরিয়া প্রস্তুত রাখিবে; আর টুপিটী উচ্চ টেবিলের উপব
রাখিলে, টুপির মধ্যে কি আছে তাহা কেহ কিছুমাত্র জানিতে
পারিবেনা। যে ভিষ্ম গুলি ভগ্ন করিতে হয়, দেগুলি কিবল
খোসামাত্র, কারণ প্র ভিষে ক্লুক্ত ক্লুক্ত করিয়া তয়ধ্যের
কুশম চুবিয়া পূর্বাহে খাইয়া খোসা আন্ত রাখিতে হয়।
দর্শকিগণের সন্দেহ দূর করণার্থে একটী কুশমস্কদ্ধ আন্ত অত
টেবিলের উপর সকলের সম্মুখে কোতুক কারক এমত চতুরতাপূর্বক ভালিবে, যেন হন্ত হইতে দৈবাৎ পভিয়া ভালিল,
এইরপ করিলে দর্শকেরা বিবেচনা করিবেন যে অন্য অন্য অত
ভিলিও প্রিরণ কুশম পূর্ণ আন্ত আছে।

Marvels of optical aud chemical Magic.

জ্বীবিত মৎস্য ক্ষুদ্র মুখযুক্ত কাঁচের বোতল মধ্যে পুরিয়া জীবিত রাখিয়া অতি মনোহর কোঁতৃক দর্শক্তিন।

একটা শ্বেতবর্ণ ক্ষুদ্র মুখযুক্ত কাঁচের বোতলের তল-দেশের কিঞ্জিৎ উপরিক্তানো (এই প্রস্থের দ্বিতীয় খণ্ডে মাস অর্থাৎ কাঁচ কাটিবার প্রকরণে কোঁশল লিখিত ছই-য়াছে) বেড় দিয়া গোল রেখা টানিয়া চিফ্ক দিয়া কাটিয়া দুইখণ্ড করিয়াঅথবা ছাক্কাক দিগের দ্বারা কাটাইয়ারাখিবে। পরে কোতুক দেখাইবার ছুইতিন ঘণ্টা অগ্রে ঐ বোতলের মুশ্

ছিপি দিয়া আবদ্ধ করনান্তয় উল্টাইয়া হতে ধারণ করিয়া কিঞ্চিৎ শ্ন্যে রাখিয়া জল পুরিয়া জীবিত কই, ছোট মকার এবং অন্য অন্য ক্ষুদ্র মংস্য তাহাতে ছাড়িয়া দিয়া বোতলটীর ছেদন করা তলার খণ্ড ঠিক 'সোজা করিয়া উপরের খণ্ড দাগো দাগো বদাইয়া (মনোছর দর্পণের দিতীয় ভাগের যে (Cement) অর্থাৎ পুটীন প্রস্তুত করণের প্রকরণ লিখিত হইয়াছে) পুটান দিয়া উত্তম করিয়া যোড দিয়া শুক হইলে, নোজা করিয়া টেবিলের উপর ব্যাইয়া রাখিলে অতি স্থানর শোভা হইবে ; এবং এমত ক্ষুদ্র মুখমুক্ত বোতলের মধ্যে জীবিত মৎস্য সমস্ত কিরূপে প্রবেশ হইল তাহার কেশিল জানিতে না পারিয়া সভান্থ সকলেই আফর্য্য জ্ঞান করিবেন। বোতলটী বড় হইলে রহৎ রহৎ মৎস্যও জীবিতাবস্থায় তন্মধ্যে অনায়ানে প্রবেশ হইতে পারে, এবং রজনীযোগে এই কেত্রিক করিলে বেভলের যোড কেছ জানিতে পারিবেনা; বিল্ত এই ভেল্কী দিবদে করিতে হইলে বোতলের যোড়ের স্থান হস্তের অন্ধুলিদ্বারা আচ্ছাদন করিয়া বোতল দেখাইলে কেহ দেখিতে পাইবে না। এই প্রকারে বোতলে পক্ষী রাখিয়াও কেত্বিক দশ্বি যায়।

গো, চ, বোৰ।

অগ্নিতে বাসকারী ও অগ্নিখাদক কণ্ণিত ক্লকলাৰ্শ নামক বিশাল জম্ভর ন্যায় অগ্নি ভক্ষণ করিবার কেশিল।

অগ্নি ভক্ষণ করিয়া কোভুক দশাইতে ইচ্ছা হইলে, নবীন বাজিকারক নিম্নলিখিত কোশলন্তমে অনায়াদেই দর্শক গণের মনোরঞ্জন করণে সক্ষম হইবেন। প্রথমে এক গাছ ছল রক্জু (Nitrate of Potash) নাইট্রেট আব পোটাসে জল দিয়া দ্রব করিয়া ঐ আরকে ভিজাইয়া এক প্রহরাস্তে শুষ্ক করিয়া তাহা হইতে এক বুজল পরিমাণ দীর্ঘে খানিক রক্জু কাটিয়া তাহার একদিক অগ্নিতে জ্বালিয়া বাম হস্তে থাকা এক বুটী পাট ঐ জ্বলন্ত রক্জুতে জড়াইলে যৎকিঞ্চিৎ ধুম নির্মত হইতে থাকিবে, ঐ বামহস্তে পূর্বের রাখা এলো পাটের ভাল আচ্ছাদন করিয়া লুকায়িত রাখিবে।

তদনন্তর স্বীর দক্ষিণ হত্তে এক গোছা পাট লইয়া মুধ
মধ্যে পুরিরা এমতরপে চর্বেণ করিবে, যে দর্শকেরা যেন মনে
করেন যে তুমি তাহা গিলিয়া ধাইরাছ, অনন্তর আর একমুঠা
পাট হত্তে লইবার কালিন ঐ অবকাশে পূর্ব্বেক্তি বামহন্তের
পাটের তাল যাহার মধ্যে অয়ি সংযুক্ত রজ্জু আছে, দক্ষিণ
হত্তে করিয়া মুখের ভিতর পুরিবার সময় চর্ব্বণ করা পাটের
মুচী মুধ হইতে নির্গত করিয়া কেলিবে; তৎপরে নাদিকা দ্বারা
নিধাস টানিয়া মুধ দিয়া বাহির করিবার সময় ধুম নির্গত
হইতে ধাকিবে, এবং মুধের মধ্যে আলো হইয়া অভি
উক্ষল হইবে; আর মুধ বুজিলে মুধের মধ্যের পাটের

মুটীতে চাপদিলে অগ্নি বাহির হইতে থাকিবে; কিন্তু যে
মুটীর মধ্যে জ্বলত রজ্জুখণ্ড আছে তাহা যেন বাহির হইরা
না পড়ে এমত কোশলে তাহা রাখিতে হইবে; তাহার
পর, পুনরার খানিক পাটের তাল মুখ মধ্যে দিয়া ঐ রূপ
করিতে থাকিলে সভাস্থ সমস্ত দর্শক্ষণ ধন্যবাদ দিবেন।

Marvels of optical and chemical Magic.

মেৰ বা ছাগের পটপটীকে স্ত্য করাইবার কেশিল।

ছাগ কিছা মেষের উদরোস্থিত একটা পটপটীর মধ্যে পারদ পুরিয়া ফুঁক দিয়া ক্ষীত অর্থাৎ ফুলাইয়া তাছার মুখ বন্ধ করিয়া অগ্রির উত্তাপে উত্তপ্ত করণান্তর মৃত্তিকাপরে আছাড়িয়া ফেলিলেই পটপটী লক্ষ্ণ মন্সা দিয়া বেড়াইতে শাকিবে।

M. C. Magic.

মৎস্য ধরা ঘূনি কিম্বা চালনী করিয়া জল তুলিবার কোশল।

চীনের পিততের কিষা বাঁনের চালনী অথবা মৎস্য ধরা স্থান হুইখানি আনিয়া, এক খানিতে য়তকুমারি চাল্তা বা লাদোড়ার আঠা মাখাইয়া শুক্ষ করিবে; পুনরায় ঐ আঠা মাখাইয়া শুক্ষ করিবে, এইরপে তিমবার মাখাইয়া তিনবার শুক্ষ করিয়া পূর্বাক্তে প্রস্তুত রাখিবে। কোতৃক দশহিবার সময়, দশকগণকে খালি চালনী দেখাইয়া নানাপ্রকার বক্তৃতাদ্বারা অন্যমন্ত্রকরনান্তর তাহা পরিবত্ত করত লুকাইয়া রাখিয়া উল্লেখিতরণে প্রস্তুত করা চালনী কিয়া ঘূনিতে করিয়া অনায়াসে জল তোলা ঘাইবে। ইক্রজাল।

রেশমের কিষা ভাল মিহি কাপড়ের কমাল অগ্নিতে
দক্ষ করণান্তর পুনরায় সেই কমাল খণ্ড জ্বলন্ত
মোম কিষা চরবির বাতির মধ্যে হইতে
বন্দুকের দ্বারা গুলি মারিয়া
বাহির করিবার
কৌশল।

কোতুক আরন্তের অথ্যে তিনখানি অতি ফ্ক্ম সক কাপড় বা রেশমী এক রঙের কমাল সংগ্রহ করিয়া রাখিবে; মংসোর তৈলের অথবা বসার বাতী হুইটী আর (Pistol) পিন্তল ১ একটা, এই তিন দ্রব্য আছরণ করিয়া প্রস্তুত রাখিবে; তংপরে ঐ হুইটা বাতির নিম্নভাগে তুরপুণ যন্ত্র দ্বারা এমত পরিমাণে ছিদ্র করিবে, যেন কমাল একখানি প্রবেশ হইতে পারে, পরস্তু কমাল ঐ বাতির ছিদ্রের ভিতরে পুরিয়া সেই হুইটা বাতী জ্বালিয়া টেবিলের উপর রাখিবে, তদনন্তর দর্শকগণের সম্মুখে বক্রী ১ এক খণ্ড রুমাল অ্যাতে দয়্ধ করিয়া ভন্ম করিয়া রাখিবে; রূপে বাহৃদ চানিয়া পুরিয়া উক্ত রমাল পোড়া ভন্ম & পিশুলে পুরিবে, তখন দর্শকদিগকে জিজাসা করিবে, যে এই দুই প্রজ্বলিত বাতির মধ্যে কোন বাতিকে সিকার অর্থাৎ গুলি করিব, তাহাতে তাঁহারা যে বাতিকে গুলি করিতে বলিবেন, তাহাতে গুলি করিয়া আওয়াঞ্চ করিলে ঐ বাতী নির্বাণ হইবে: অনন্তর ঐ বাতী, স্বীয় হস্তে লইয়া যে পরিমাণ পর্য্যেন্ত রমাল আছে, ঠিক সেই ছান ছেদন করিলে ঐ রমাল বাহির হইয়া পড়িবে, তদ্ভেস সভান্থ সকলেই চমৎক্রত ইইবেন।

গোপাল চক্ৰ ঘোষ

অদৃশ্য গ্যাস দৃশ্য করিবার কেশিল।

একখানি কাঁচের রেকাবিতে কিঞ্চিৎ পাঙ্গালবণ আর শ্বন্পা পরিমাণে (Sulphuric acid) গদ্ধকান এই ছুই দ্রব্য রাখিবে; এবং অন্য একখানি রেকাবিতে ২ ছুই ভাগা পারা আর এক ভাগা (Sal ammoniac) দাল এমোনিয়েক এই ছুই দ্রব্য চূর্ণ করিয়া তাহাতে স্বন্ধা পরিমাণ উত্তপ্ত জ্ঞল সংযোগ করিয়া রাখিবে; কিয়ৎক্ষণ পরেই প্রত্যেক রেকাবি হুইতে অদৃশ্য (Gas) গ্যান উৎপন্ন হুইতে খাকিবে, কিন্তু উভন্ন রেকাবি পরস্পর নিকটে আনিয়া ঠেকাঠেকি করিবামাত্রেই গ্যান অর্থাৎ ধুম স্পষ্টরূপে দেখা যাইবে।

Marvel's of optical and chemical Magic.

ম্পাত হইতে অতি স্থম্মর এবং উজ্জন আলো করণ।

ষটিকা অর্থাৎ ট্রাক ঘড়ির ডাইলে যেগোলাক্কত কাঁচ খাকে তাহাতে ঘংকিঞ্চিং (Sulphuret of Carbon) সাল-ফিউরেট আব কারবন, রাখিয়া জ্বালিয়া দিলে, তাহা হইতে যে শিখা উঠিবে, তাহাতে স্পাতের তারে এক-খণ্ড (Brush) ব্রাশ সংলগ্ন করিয়া ধরিলে অতি চমংকার রূপে পুড়িতে থাকিবে। উক্ত শিখাতে ঘড়ির (Spring) স্পুনিং অর্থাৎ কামানিও দগ্ধ হইতে পারে।

M. O. C. Magic.

মায়াকৃত পুস্তক প্রস্তুত করিবার কোশল।

চিক্কণ কাগজের (Octavo) আকটেবো সাইজের (অর্থাৎ
একটী কাগজ আট ভাঁজে ভাঁজিলে যে পরিমাণ হয়, তাহাকে
আকটেবো বলে) যত ইচ্ছা পুরু হয়, এমত একথানি পুস্তকের
প্রথমাবধি সপ্ত পত্র উপ্টাইয়া একটা পুস্পগুচ্ছ চিত্র করিবে,
পুনরায় সপ্তপত্র উপ্টাইয়া একটা ঝাড় চিত্র করিবে, এইরূপে
পুস্তকের প্রথমাবধি শেষ পর্যন্ত প্রতি সপ্তম পত্রে একটা
ঝাড় চিত্র করিয়া এক এক ফালি কাগজ কিয়া (Parchment)
পার্চমেন্ট চর্মের কাগজ পুর্বোক্ত চিত্রিত কাগজেতে আটা
দিয়া সংলগ্ধকরিয়া প্রপ্তক পুনরায় উপ্টাইয়া প্রতি যফপত্রে
একটীপক্ষির আরুতি চিত্রকরিয়া প্রতি চিত্রকরা পত্রে একংখানি
কালি কাগজ এই প্রণালিক্রমে প্রপ্তকে নানাবিধ প্রতিরূপ

চিত্র করিয়া পরিপূর্ণ করিবে; এবং কিঞ্চিৎ নিম্নভাগে আটা দিয়া সংলগ্ন করিবে : কিন্ধু সাবধানপর্মক প্রতি চিত্র করা পত্তের •প্রত্যেক পৃষ্ঠা শাদা রাখিতে হইবে। এই প্রকারে পুত্তক প্রস্তুত করিয়া কোতৃক দর্শাইবার সময় স্বীয় বামহস্তে পুস্তক ধারণপূর্বক প্রথম যে যে প্রতি সপ্তম পত্তে কাগ-জের ফালি আছে স্বীয় দক্ষিণ হন্তের রদ্ধান্দূলী ও ও ফালিতে দিয়া পুত্তক শেষ পর্যান্ত উণ্টাইলে পুষ্পমন্ত দর্শন হইবে; পরে কিঞ্চিৎ কাল বিশ্রাম করত পুস্তকে কুঁদিয়া যে যে পত্রে দিতীয় ফালি কাগজ আঁটা আছৈ, আপনার দক্ষিণ হস্তের রন্ধান্ধুলী দিল্লা পুনরায় উল্টাইলে পক্ষিময় দৃশ্য হইবে; এইমতে প্রথমাবধি শেষ পর্যন্ত উন্টাইলে নানাবিধ প্রতিরূপ দেখা যাইবে। পরস্ক औ পুস্তকখানি ফিরিয়া ধারণ করিয়া উক্ত প্রণালি ক্রমে উল্টাইলে কিবল শাদা কাগজ দুখা হইবে; তদ্দৰ্শনে সভান্ত সকলেই বিমে হিত হইবেন।

Young Man's Book of amusement.

স্থচীর অঞ্যভাগে আছুলীর ধারদিক রাখিয়া ঘূর্ণায়মান করিবার কেমিল।

একটী বোতলে ছিপি দিয়া তহুপরি ছুঁচের পশ্চান্তাণে বিষিয়া সোজা করিয়া রাখিবে, কোনদিক বক্র না হয়, তং-পরে অন্য একটী ছিপির মুখের দিকে ঠিক মধ্যভাগে একটী শান্ত কাটিয়া তথ্য আছুলিটা শাড়া করিয়া আঁটিয়া ঐ ছিপির ছই পার্ষে ঠিক বীপরিত দিকে হুইটা (table) টেবিল



forks ফরকশ (অর্থণ ইংরা-জেরা যে লোহার কাঁটা দ্বারা খাদ্যাদি বিঁধিয়া ভক্ষণকরেন) এরপে বিঁধিবে, যেন বাঁটের দিক নীচে খাকে। পার্শের প্রতিরপ দৃষ্টিকর।

তদনন্তর ঐ আন্থলিটী খাড়া করিয়া ছুঁচের অগ্রাভাগে রাখিলে ঘুরিতে থাকিবে, পতিত হইবে না, কারণ পৃথিবীর স্মাকর্ষণ ছুঁচের মধ্যভাগে থাকিবে।

Young men's book of amusement.

একটা স্বৰ্ণ কিষা রোপ্য মুক্রাকে তিরিয়া ঘিভাগ করিবার কোশল।

প্রথমে টেবিলের কিম্বা কার্চের চোকির উপর ও তিনটী আলপিন পুতিয়া তত্ত্পরে একটী টাকা রাখিবে, তৎপরে কিছু কুলগন্ধক চূর্ণকরা ঐ মুক্রার নিম্নভাগো, আর উপরে দিয়া অমি সংলম্ম করিলে, গন্ধক দম্ম ছইয়া শিখা উঠিয়া নির্বাণ হইলে পর ঐ মুক্রার উপর একখানি পাতলা পত্র পৃথক হইয়া থাকিবে।

ছুরি হইতে (Beer) বিয়ার স্করা নির্গত করিবার কৌশল।

সার্কাণ্ডো একখণ্ড ক্ষুদ্র (Sponge) স্পঞ্জ অতি গোপনে বিয়ার মদিরাতে এমত করিয়া ভিজাইয়া রাখিবে, যেন অত্যন্ত দপদপ্যা না হয়, তাহাহইলে চাতুরী প্রকাশ পাইবে ; তৎপরে ঐ ভিজান (Sponge) প্রঞ্জখানি কর্ণকুছরে অথবা কর্ণের পশ্চাস্তাগে স্বীয় কেশ দ্বারা লুকাইয়া আচ্ছা-দিত রাখিয়া একখানি ছুরির বাঁটের দিক উপর দিক করিয়া টেবিলে কিম্বা (stool) টুলেতে বিদ্ধিয়া রাখিবে; তখন দর্শক্ষণকে আপনার পশ্চাৎদিকে থাকিতে না দিয়া সমূধে থাকিতে বলিবে ; তদনন্তর সকলকে বলিবে, দেখ, এই ছুরীর বাঁটে এবং টেবিলের উপর তরল দ্রব্য কিছু মাত্র নাই, ইহা কহিয়া স্থীয় কর্ণে শূন্য হস্ত বাড়াইয়া পুনরায় কহিবে, তোমা-দিগের মধ্যের কোন ব্যক্তি আমার ব'তর উপর হস্ত রাখ, বলিয়া সেই সময় কতকগুলি মন্ত্ৰ অৰ্থাৎ ভয়ানক বাক্য বলিতে থাকিলে, দর্শকেরা অন্যমনা হইলে ঐস্বযোগে ভিজা স্পঞ্জখানি চতুরতাপূর্বক আপনার কর্ণ হইতে লুকাইয়া লইয়া ছুরিখানি ঐ হত্তে ধারণ করত প্রথমে আত্তে আত্তে পরে কিঞ্চিৎ বলপুর্বক টিপিলে বিয়ার মদিরা পড়িতে খাকিবে, তাহা দেখিয়া সমস্ত ব্যক্তি বিমোহিত হইবেন:

তখন উচ্চস্বরে আক্ষালন করিয়া বলিবে, যে এই মদিরাতে তোমাদিগকে ডুবাইয়া রাখিতে পারি, ইহা বলিয়া ঐ অরার কিঞ্চিৎ তাহাদের চক্ষে ছিটাইয়া দিলে তাহার! চক্ষু মুক্তিত করিলে এই সাবকাশে স্পঞ্জধানি অন্তরিত করিবে।

Young man's book of amusement.

লোহ চিমট্যা নিঙ্গড়াইয়া জল বাহির করিবার কোশল।

পূর্ব্বোক্ত পরিকার ন্যায়ই সমস্ত করিতে হয়। কিবল স্পঞ্জের পরিবর্তে কিঞ্চিৎ তুলা মূখের মধ্যে এক কলে পূকারিত রাখিতে হয়, এবং নানা প্রকার বক্তৃতা করিয়া দর্শকেরা অন্যমনক্ষ হইলে ঐ সাবকাশে মুখ হইতে অকুলি দিয়া তুলা বাহির করিয়া চিমটা। হতে ধরিয়া চুঁচিয়া আনিলে জল পড়িতে থাকিবে।

একখাই স্থতে স্থলন্ত অলার বৃলাইরা শ্রুমার্গে রাখন।

কোতৃক দশহিবার পূর্বাছে একখাই স্থরের অগ্রভাগে একটা মাসকলাই পরিমাণ মিসরী বাদ্ধিয়া জ্বলন্ত অভারের উপর মুহূর্ত রাখিলে, মিসরী গালিয়া অভারের উপর থাকিবে, সেই সমর স্থরের অপর খাই ধরিয়া তুলিয়া বাহিরে আনিলে স্থানত অন্ধারশান অনায়াদেই শৃত্যমার্গে বুলাইয়া রাঞ্চ যাইবে, স্তুর দল্প হইবে, তথাপি পতিত হইবে না।

গওদেশে (গালে) কুলুপ দিয়া চাবি বন্ধ করিবার কেশিল।

প্রথমে কুলুপর্টা এইরপ গঠনের তৈরার করিবে, বে তাহার স্পুটিং কামানী দ্বিভাগ অর্থাৎ মধ্যে কাটা থাকিবে.

> এবং ফাঁক করিলে, তাহার মধ্যে গাল প্রবেশ করাইয়া চাবি দিয়া রুদ্ধ করা যায়, আর অতিশয় চিমটাা নাধরে এবং শুলিয়া নাপড়ে, এমত আল্লা না হয়, আর খাঁজ কাটা স্থান যেন

কেছ না জানিতে পারে এনিমিতে তাছাতে মিখ্যা কতকগুলি খাঁজ কাটা থাকিবে, এই প্রকারে কুলুপ গড়া-ইলে কেছ টের পাইবেনা বরং চমৎকার জ্ঞান করিবে।

কোন আঘাত ব্যতিরেকে শরীরে ছোরা প্রভৃতি বিষ্কিবার কোশল।

বাঁটকাঁপা একটা (Bodkin) বডকিন অর্থাৎ কোঁড় অথবা ১একখানি এমত ছোরা লইবে, যে ছোরার অগ্রভাগ উপর-দিকে করিলেই ঐ ছোরার ফলা বাঁটের মধ্যে চুকিয়া যায়; পরে (Bodkin) হইলে আপনার কপালে আর ছোরা হইলে বক্ষঃস্থলে বিদ্ধিবে, এবং ঐ আযাতে বেদনা ও ক্লেশ হইতেছে, দর্শকদিগের এইরপ বোধ করাইয়া আপনার হস্ত ছঠাৎ টানিয়া আনিয়া ছোরার ফলা নিম্নদিকে করিলেই ফলা বাহির হইয়া পড়িবে; এবং বাঁটের ভিতর ঢুকিয়াছিল কেহ বোধ করিতে পারিবেনা; তৎপরেই ঐ ছোরা আপ-নার কোলে, অথবা জেবে অতি সত্ত্বতাপূর্বক লুকাইয়া ছোরার সদৃশ ভাল অন্য একখানি ছোরা (অর্থাৎ ফাঁপা না হয়) বাহির করিলে দর্শকেরা কোনমতে জানিতে পারিবেন না।

এক প্রকার ধাতু কাগজে করিয়া বাতির শিখায় গলান যায়।

বিন্দার্থ (Bismuth) সীসা এবং দস্তা এই দ্রব্যত্তর সমতাবো লইরা একখণ্ড কাগজে করিয়া একতে বাতির শিখার উপর ধরিলে গলিয়া এক প্রকার খাইদ হয়, এবং আবশ্যক মতে, পুনরায় এরপ প্রদীপের শিখার উপর ধরিলেই গলিতাবস্থা হয়।

বরফের বাতি প্রজ্ঞানিত করণ।

বসার (চর্বির) একটা বাতির পলিতার দিগের কিয়দংশে কাগজ জড়াইয়া, পরে উত্তম চুর্ণকরা গদ্ধক ও
কয়লা সমভাগে মিজিত করিয়া ঐ বাতির অবশিষ্টাংশে
মাশাইয়া জলে ভুবাইয়া প্রস্তুত রাখিবে; অত্যন্ত কুঞ্বর দিবস প্রাতে ঐ মসলা মাধা বাতিটা অনাক্ষাদিত

স্থানে রাখিলে পাতলা একপদা অর্থাৎ একহার। বরফ ঐ বাতিতে জমিয়া থাকিবে, আর বরফ পুষ্ক করিতে ইচ্ছা ইইলে পুনর্বার ঐ মত কুজঝটিকাতে রাখিলে ক্রমে আরো যন এবং পুরু হইবে; পরস্কু বাতিতে জড়ান কাগজ খানি খুলিয়া জ্বালিয়া দিলে উত্তম রূপে জ্বলিতে থাকিবে।

কোন ব্যক্তির কোর্ট জ্যাকেট প্রভৃতি সমস্ত পরিধের বসন গাতে যেমন পরা তেমনি থাকিবে, অথচ কিবল কামিজটী খুলিয়া লওনের কোঁখল।

কিবল চতুরতা দ্বারা এই কেতিক দর্শান যায়, অন্য কোন কোশল আবশ্যক করে না। কেতিক দর্শাইবার প্রণালী এই, যে ব্যক্তির অন্ধ হইতে কামিজ খুলিতে হইবে, তাহার পরিধের সমস্ত বস্ত্র পরিসর এবং ন্রম হওয়া আবশ্যক অর্থাৎ কসা না হয়।

প্রথমে ঐ ব্যক্তির (Stock)ষ্টাক অর্থাৎ ঘাড়ের কাপড় খুলিয়া পরে তাহার আন্তিনের (হাতার) এবং ক্ষব্ধের বোতাম সমস্ত খুলিবে, তৎপরে তাহার বাম হাতার বোতাম ঘরাতে এক গাছি শণদড়ি বান্ধিয়া রাখিবে; তদনস্তর তাহার পশ্চা-দ্দেশের কামিজের মধ্য দিয়া স্বীয় হস্ত চালাইয়া কামিজ টানিয়া তাহার মস্তকোপরি সরাইয়া লইবে; এইরপে সম্মুখের দিক টানিলে কামিজটী তাহার বক্ষঃস্থলে আসিবে তাহার পর তাহার দক্ষিণ বাহু লয়। করাইয়া এমত করিয়া আন্তিন টানিবে, যেন বাহু ছইতে সমুদায় বাহির ছইয়া আইনে। তখন কামিজটী তাল পাকাইয়া বক্ষঃছলে একর্ত্ত্ব করে, এবং দক্ষিণ হাতা জড় সড় হইয়া বাম হাতাটী যে পূর্ব্বে উপরদিকে উঠিয়াছিল তাহা পুনরায় কিরাইয়া আনিবার জন্যে বাম হাতার বোতাম ঘরাতে যে শণ দড়ি পূর্ব্বে বান্ধঃ হইয়াছে তাহা টানিতে হইবে, স্মতরাং সেই দিক দিয়া সমুদায় কামিজ বাহির হইয়া পড়িবে।

কামিজ খুলিবার সময় সভাস্থ কেহ না দেখিতে পায়,
একারণ দ্রীলোকের একটা গাউন (ঘাগরা) দিয়া তাহার
মস্তকাচ্ছাদন করিয়া ঐ ঘাগরার এক কোণ অর্থাৎ খুঁট
স্বীয় দন্ত দিয়া ধারণ করিয়া থাকিবে। এবং একখানি
কেদেরার উপরে নিজে দাঁড়াইয়া এই কার্য্য করিলে অতি
সহজ্ব হইবে। ইংলণ্ডের হেমারকেটের রাজকীয় নাট্য
শালায় এই কোতুক দর্শনি হইরাছিল।

Marvels of optical and chemical Magic.

ঐক্রজালিক বা মারিক পেঁটরা।

অথ্যে দরমা কিয়া ছোগালার একটা পেঁটরা এমত রপে
নির্মাণ করিতে ছইবে, যেন ১২/১৪ বংসর বয়য় বালক
তম্মধ্যে বসিতে অথবা পাদদ্ম গোট সোট করিয়া অক্লেশে
শমন করিতে পারে, এবং তাছার শরীর ছইতে ডালাখানা
এক ফুটের অধিক উর্দ্ধে ফাঁক, আর রজ্জুর কবজা দারা

পেঁটরার ডালা আটকান থাকে, কিন্তু যে দিক দিয়া ডালা খুলিতে হয় সেইদিকে পেঁটরার গাত্রে ও তাহার ঠিক উর্ধ্ব-ভাগে এক একটা ছিদ্র করিয়া এক বা দেড় হস্ত পরিমাণ ছই গাছি রজ্জু তন্মধ্যে প্রবেশ করাইয়া ভিতর দিকে এক গাঁইট ও ফাঁস দিতে হইবে; কেননা যে বালক পেঁটরার ভালা অনায়াসে খুলিতে পারে, এইরপে পেঁটরা প্রস্তুত করিয়া রাখিবে।

কোতৃক আরম্ভের সময়, কোতৃক কারকের সমিভ্যারি একটা বালকের নিকট গুপ্তভাবে খানকয়েক ভিজান আল্তা এবং কিঞ্চিৎ গন্ধকের চূর্ণ থাকিবে; তদনন্তর ঐ বালকের হস্তদ্বয় রজ্জু দিয়া এমত কেশিলে বান্ধিবে, যেন দে দন্ত দারা অনায়াসে খুলিতে পারে; তৎপরে তাহাকে সকলের সমুখে পেঁটরার মধ্যে পুরিয়া ডালা আচ্ছাদন করত, ডালার ছিদ্র মধ্যে রজ্জ্ব দিয়া বন্ধন করিবে, ভৎপরে ৮/১০ খানি বাঁখারির খুঁটি দিয়া তামুর আকৃতি করিয়া কম্বল কিষা নীলবর্ণ মোটা বস্ত্র দ্বারা ঢাকা দিয়া প্রস্তুত করণান্তর, পেঁটরা তমধ্যে রাখিয়া তামুর বাহির হইতে চারি পাঁচ ব্যক্তি কম্বল নাড়িতে থাকিবে; সেই অবকাশে এ বালক স্বীয় হস্তবন্ধন খুলিয়া স্বচ্ছন্দে বদিতে পারিবে, তথন কম্বল খুলিয়া পেঁটরায় পূর্ব্ব চিহ্নকরা স্থানে ছোরা বা অসি দিয়া সাবধানে বিদ্ধিবে যেন ঐ বালকের অঙ্গে কোন আঘাত না হয়, সেই সময়ে এ বালক ভিজা আলতা ও

গদ্ধক মিশাইয়া ছোরাতে মাখাইয়া দিবে; কেত্বিক কার দর্শকগণকে ছোরা দেখাইয়া কহিবে, দেখ বালককে বধ করিয়াছি বলিয়া পুনরায় তায়ুর ভিতর পেঁটয়া পুরিয়া ৩৪ ব্যক্তি কয়ল নাড়িতে থাকিবে, যখন জানিতে পারিবে, যে প্র বালক রজ্জুর ফাঁস খুলিয়া পেঁটয়া হইতে বাহির হইয়াছে, তখন স্বীয় সমিভায়ের অন্য এক ব্যক্তি মার মার কাট কাট বলিতে থাকিবে, প্র সময় প্র বালক কহিবে, কাটিওনা আমি জীবিত আছি, তখন তায়ু হইতে পেঁটয়া বাহিয় করিয়া সকলকে কহিবে দেখ পেঁটয়া যেমত বায়া তেমনি আছে, প্র বালক কিরপে বাহিয় হইল, তদ্ফে তাছারা চমৎয়ত হইবেন। মোহনীকায়ক চতুরতা এবং বুদ্ধির কোশলে এই কোতুকে ময়ৄয়্য় অদর্শন করিতেও সক্ষম হইবেন।

মরুষ্যকে অদৃশ্রকরা

রঙ্গশালার চারি গাছি লাঠি পুতিরা পুরু বস্তু বেড় দিরা একটা কাণ্ডার করিয়া আপনার সঙ্গের এক ব্যক্তিকে হস্ত পদাদি বন্ধনপূর্বক তল্মধ্যে রাখিয়া "তুমি অদৃশ্য হইবে কিনা" এই কথা বারংবার জিজ্ঞাসা করিতে থাকিলে সেকাণ্ডারের ভিতর হইতে বলিতে থাকিবে "আমি অদৃশ্য হইব না", এই অবসরে সে দস্ত দ্বারা বন্ধন খুলিয়া বলিবে, এক্ষণে আমি অদৃশ্য হইব; তখন ভেল্কিকার একটী পক্ষী বা

কপোত লইয়া মোহজনক বক্তৃতা করিতে করিতে উর্দ্ধে উড়াইবে, স্কতরাং দর্শকেরা তদ্দুফে অন্যমনা হইলে সে ব্যক্তি কাণ্ডার হইতে বাহিরে গিয়া লুকাইয়া থাকিবে, তংপরে বাজিকার কাণ্ডার খুলিয়া বলিবে, দেখ মনুষ্য অদৃশ্য হইয়াছে কিয়ৎক্ষণ পরে, উচ্চৈঃস্বরে ডাকিলে সে ব্যক্তি দেখা দিবে।

চাকুর লাল

চমৎকার চূর্ণ।

Iodide of Potash আইওডাইড আব পোটাস আর (Sugar of Led)শুগার আব লেড এবং(Bromide) of Potash ব্রমাইড আব পোটাস পৃথক পৃথক তিন মোড়ক করিয়া রাখিবে; পরস্তু আইওডাইড আব পোটাস থাকা মোড়ক লুকাইয়া উক্ত ছুই মোড়ক সকলকে দেখাইয়া বলিবে, এই হুই শ্বেতবর্ণ চূর্ণ মিশ্রিত করিয়া পীতবর্ণ কর, তাহারা কলাচ পারি-বেন না, তখন তুমি ব্রমাইড আব পোটাসের মোড়ক চতুরতা পূর্ব্বক স্বীয় বস্ত্র মধ্যে লুকাইয়া আইওডাইড আব পোটাস থাকা মোড়ক বাহির করণান্তর স্থগার আব লেডে মিশাইয়া এক কোঁটা জল দিয়া রগড়াইলেই পীতবর্ণ হইবে।

এই প্রক্রিয়া দ্বারা আইওডাইড ও ব্রমাহাড আব পোটা-সের পরীক্ষা জানা যায়।

অলেকিক মূর্ত্তি ধারণ পূর্ব্বক ভয় দর্শান।

এক কাঁচ নির্মিত পাত্রে একভাগ (phosphorus) ফদফারাস রাখিয়া তাখাতে ৬ ছয় ভাগ (olive oil) জলপায়ের
তৈল সংযোগ করিয়া (Sand heat) স্যাশুটিট অর্থাৎ
বালুকাযন্ত্রে উত্তপ্ত করিলে প্রস্তুত ছইবে; চক্ষু মুদ্রিত
করিয়া এই আরক মুখ মণ্ডলে এবং হস্তদ্বয়ে মর্দ্রন করিয়া
অন্ধকার গৃহে দণ্ডায়মান থাকিলে শরীরের ঐ ঐ স্থান
হইতে নীল আভায়ুক্ত অয়ি শিখা নির্গত হইতে থাকিবে,
কিন্তু চক্ষ্বয়ে এবং মুখে রুয়্য়বর্ণ চিহ্ন দৃশ্য হইবে; তদ্মশনে
সকলে বিমোহিত এবং ভীত হইবেন। এই কোতুক দর্শাইলে কোন ভয়ানক ব্যাপার ঘটনের সন্ভাবনা নাই জানিবে।
Young man's Book of amusement.

বিনা অগ্নিস্পর্শে স্পীরিট (Spirit) মদির\ গুজ্বলিত করণ।

একটী, (tea cup) টিকপ অর্থাৎ চা পান করিবার পাত্রে
চারি কিষা ছয় ড্রাম (dram) স্পীরিট মদিরা ঢালিয়া
১০ দশ কিষা ১৫ পোনের প্রোণ (chlorate) ক্লোরেট আব
পোটাস সংযোগ করিবে। এই মিশ্রিত দ্রব্যে প্রায় ৬ ছয়
ডাম (dram) গন্ধকায় (Sulphuric acid) সালফিউরিক
এসিড মিশ্রিত করিলেই কুটিতে আরম্ভ হইয়া ক্লুদ্র অনেক গুলি অতি উজ্জল নীলবর্ণ আয়ির বর্ত্ত্বল নির্গত হইয়া
শিখা উপ্থিত হইলে অতি সৌন্দর্য্য দর্শন হইবে।

F. Accum's chemical amusement.

ছন্তের প্রথমান্ধুলির অগ্রভাগে একটী ছড়ি খাড়া রাখিবার কোঁশল।

শীর হস্তের পরিমাণ দীর্ঘ, অর্ধ্ন (inch) ইঞ্চ শ্বুল এবং প্রস্থেত উহার দ্বিগুণ এক খণ্ড কাষ্ঠ আনিয়া ঐ কাষ্ঠের এক দিকের কিঞ্চিৎ অন্তরে অর্থাৎ অপ্রভাগ হইতে কিছু দূরে ঠিক এক ওজনের ছুইখানি ছুরির ফলা এমতরূপে বিশ্বিবে, যেন পরস্পর সমুখা সমুধি হয়, এবং একখানি ছুরি একদিকে ঝুঁকিলে অপরখানি তদ্বিপরীত দিকে ঝুঁকে,



(মধা এই পার্ষের অন্ধিত প্রতিরূপ দৃষ্টিকর) এইরপে প্রস্তুত করিরা ছুরি বেদ্ধা ঐ ছড়িটী, আপনার হস্তের অন্ধূলির অগ্রভাগে সোজা করিরা খাড়া করিলে পড়িবে না; আর মদি একদিকে ঝুঁকে তবে

ছড়ি তৎক্ষণাৎ আপনিই সোজা হইয়া খাড়া থাকিবে।
 এই কোতৃকটিতে সাবধান পূর্বক ভালরপে ক্লতকার্য্য
 হইতে পারিলে, যে ব্যক্তিরা কদাপি দেখেন নাই
 তাহারা আক্ষর্য জ্ঞান করিবেন; ফলতঃ ছুরির দারা যে
 ছড়ির উভর দিকে তুল্য ভার খাকে তাহা বুরিতে
পারিবেন না।

Boy's own Book

খনিজ বহুরপা প্রস্তুত করণের প্রক্রিয়া।

মৃত্তিকা বা লোহার মুচিতে আচ্ছাদন না দিয়া অগ্নির উপর চাপাইয়া (Nitrate of potash) নাইটেট আর পোটাস তিন ভাগ আর (Deutoxide of manganese) ডিউটকুসাইড আব মাক্তিনিজ ১ ভাগ, এই হুই দ্রব্য উত্তমরূপে চুর্ণ করিয়া তাহাতে দিয়া এক ঘটিকার চতুর্থাংশের কিঞ্ছিৎ অধিক কাল পর্যান্ত তেজ অগ্নির আঁচ দিলে, প্রস্তুত হইবে। এই মিশ্রিত দ্রব্যের, আশ্চর্য গুণ নিমু লিখিত পরীক্ষাতে প্রকাশ পাইবে। এক কাঁচপাত্রে ৫।৭ গ্রেণ পরিমাণ উক্তরূপে প্রস্তুত করা দ্রব্যরাখিয়া শীতল জল ঢালিলে, ৰ্জ্ব বস্তু প্ৰথমে সবুজ পরে বেগুণী হইয়া অবশেষে অপূৰ্ব্ব লোহিত বর্ণ হইবে। কিন্তু ঐ মিশ্রিত দ্রব্যে শীতদ জন্তের পরিবর্ত্তে উষ্ণ জল সংযোগ করিলে অতি মনোহর ভাইও-লেট (Violet) পুল্পের বর্ণ হইবে; আর জল এবং (oxide) অক্সাইডের পরিমাণানুসারে রঙের উত্রতা ও তারতম্য হইয়া থাকে, যেমন স্বস্প জলে ১০ দশ গ্রেণ পরিমাণ ঐ মিশ্রিত দ্রব্য সংযোগ করিলে প্রথমে উত্তম সবজ বর্ণ হইয়া ঘোর বেঞ্নী হওনান্তর লোহিত বর্ণ হইয়া থাকে: আবার এই খনিজ বহুরপার স্বন্ধ ভাগ ৪ চারি Ounce ঔশ জলে মিশ্রিত করিলে, ঘোর সরুজ বর্ণ হইবে। কিন্তু তাহাতে জলের অংশ অধিক দিলে গোলাপী হইয়া স্বৰ্পা সময়ের মধ্যে একেবারে বর্ণছীন ছইয়া শেষে ইন্দ পীতবর্ণ ছওনান্তর নিম্নভাগে থিতিয়া থাকে. ঐ দ্রুব বন্ধর যখন

ধীরে ধীরে পরিবর্ত্তন হয়, তখন অনায়াদেই রঙ সমস্ত নিম্নতে শ্রেণী পূর্ব্বক অর্থাৎ যাহার পর যে রঙ পৃথক পৃথক হইয়া থাকে, এবং স্পান্টরূপে জানিতে পারা যায়, যথা, প্রথমে সরুজ, শ্যামল, ভাইওলেট, দীল, বেগুণী পরে রক্তবর্ণ হয়।

ক্লবিম রুষ্টি এবং শিলা পতন।

আট কিষা দশ বুৰুল প্রস্থ এবং তুই কিষা তিন কুটি ব্যাদে, পাতলা কাঠের একটা চুদ্দি প্রস্তুত করিয়া পাঁচ কিষা ছয় বুৰুল প্রস্থ একথানি তক্তা তমধ্যে পুরিয়া প্র চুদ্দির মধ্যম্থল সমান ৫ পাঁচ ভাগ করিবে; তৎপরে ঐ অংশ করা প্রতি খুবরির মধ্যে, এক বুৰুলের ছয় ভাগের এক ভাগ পরিমাণ ছাম খালি রাখিবে, আর তক্তাগুলি এমত বক্র অর্থাৎ কাইতভাবে থাকিবে, যেন ঐ ফাঁকের মধ্যে দিয়া ৪ চারি কিষা ৫ পাঁচ পাউণ্ড (Pound) পরিমাত গুলি বাহির হইতে পারে। পরস্তু ঐ চুদ্দিটা উল্টাইলে গুলি সকল ঐ ভিয় ভিয় অংশ করা খুবরি দিয়া নির্গত হইতে থাকিলে র্ফিণতনের শব্দ হইবে, আর তত্ত্বপক্ষা বড় বড় গুলি পুরিয়া ঐরপে উল্টাইয়া ধরিলে শিলা পতনের শব্দ হইতে বাকিবে। কিন্তু বজ্রের কাণ্ডারের মধ্যে থাকিয়া এই কোতুক দশাইবে।

সকল প্রকার পক্ষীকে বশীভত করিবার কোলন। य शकीशंग य य रीक ७ भंग थिया महे महे रीक স্বাব শিসাতে ভিজাইয়া বাখিবে, প্রস্ক যে স্থান বিচয়-গাণ চরিতে আইনে, প্র বীজ তথার চড়াইয়া দিলে তাহারা ভক্ষণ করিয়া এমত পোষা হইবে, যে বীজ সমল হালে ব্লাখিলেও নির্ভয়ে খাইতে থাকিবে।

Boy's own Book.

ভেতিক সাবান প্রস্তুত করণের কোশল। একটা কাঁচের বোডলে স্বাপ পরিমাণে তেল এবং জল বাধিয়া অতিশয় বলপুর্বক নাড়িলেও পরস্পর আকর্ষণ না থাকাছেত কদাচ উভয় দ্ৰব্য মিশ্ৰিত ছইবেনা, কিন্তু অব্দ পরিমাণ (Ammonia) এমোনিয়া তাছাতে গোপনে সংযোগ করিয়া নাডিলেই এ সমস্ত ৩ তিন দ্রব্য একত্তে মিজিত হইয়া তরল সাবান প্রক্ষত হইবে।

Marvels of Optical and chemical Magic,

ছাগ বা অন্য কোন প্রাণীর পটপটী অথবা পাতদা চর্মের মষক বায়ু ব্যতিরেকে স্ফীত করা।

একটী ভিজান পটপটা কিম্বা পাতলা চর্মের ক্রম্ত মৰকের মধ্যে এক (Tea spoonful) টিসপণকল (Ether) ইপার পুরিয়া ঐ পটপটির মুখ হাল্ফি করিয়া রাশ্বিয়া তাহার উপর অত্যন্ত উষ্ণজল ঢালিলে ভিতরে স্থিত ইথার বিস্তার হইয়া পটপটী ফুলিয়া উঠিবে, বায়ুর আবশ্যক হইবে না।

তুই তিন দণ্ডের মধ্যে অত্র লিচু লেরু প্রভৃতি রক্ষ জন্মাইয়া তৎক্ষণাৎ কাঁচা ও পক্ষ অত্র প্রভৃতি ফলান।

কাল্পন মাসে অত্রের মকুল, বৈশাখে কাঁচা, এবং জ্যৈষ্টী মানে পাকা অত্র ও লিচু, একটাজার বা ডিক্যাণ্টার (Decanter) অর্থাৎ যে বোতলের মুখ অনেক ফাঁদাল এবং উদ্দেবড় এবং স্থুল এমত বোতলে উত্তম খাটি মধু পূর্ণ করিয়া ঐ ফলগুলি তম্মধ্যে ডুবাইয়া রাখিলে; এক বৎসর কাল টাটকা খাকিবে।

অনন্তর কেতিক দর্শাইবার পুর্বে ঐ ফল সমস্ত মধু হইতে তুলিয়া জলে উত্তমরূপে প্রক্ষালন করিবে, আর একটী অন্তের বীজ ছোট চারা আর রক্ষ অনিয়া প্রস্তুত রাখিবে।

তদনত্তর কোঁতুক দর্শাইবার সময় একটা দিল্ক অথবা অন্য দ্রের মধ্যে ঐ ফলও লুকাইত রাখিবে, পরে একটা মৃত্তিকার টব (Tub) বা গামলাতে মৃত্তিকা পূর্ণ করিয়া অত্যের কিলা অন্য ফলের বীজ সভাস্থ সকলকে দেখাইয়া বলিবে, যে এই বীজ রোপণ করিলাম ৪ চারি দণ্ডের মধ্যে চারা জ্যা-ইবে, এই বাক্য কহিয়া কাপড়ের কাণ্ডার তৈয়ার করিয়া ঐ টব বা গামলা তাহার ভিতর রাখিবে, এবং অন্য অন্য কোতুক দশহিয়া কিছুক্ষণ পরে ঐ টবে অত্র বা সিচুর চারা প্রতিয়া কাণ্ডার হইতে বাহিরে আনিয়া সকলকে দেখাইয়া বলিবে, যে এই রক্ষে মুকুল কাঁচা ও পাকা অত্র শীস্ত্র ফলিবে, এই বাক্য কহিয়া কাণ্ডারের মধ্যে লইয়া ঐ চারা তুলিয়া একটা ভাল অথবা কলমের অত্রের রক্ষ প্রতিয়া তাহার সক্ষ সক শাখা ছুরি দিয়া চাঁচিয়া ঐ অত্র প্রভৃতি ফল এমতরূপে বিদ্ধিয়া দিবে, (বরং সর্ক্ষ বর্ণের পট্টবস্তের চিক দিয়া ফলের বোঁটা চাঁচা শাখাতে জড়াইয়া বাদ্ধিবে, যেম কেহ জানিতে না পারে; তৎপরে কাণ্ডার হইতে বাহির করিয়া দর্শকগণকে ভক্ষণ করিতে বলিবে, কিন্তু রক্ষ শাখা হইতে ফল ছিঁড়িবার সময়, বোঁটা খসাইয়া ছিঁড়িয়া তাহাদিগকে খাইতে দিবে, তদ্দুষ্টে সকলে প্রশংসা করিবে; অনন্তর টবের রক্ষাদি কাণ্ডার মধ্যে লইয়া সাবধানে লুক্কায়িত রাখিবে।

ক্র অন্যমতে।

মনসা সিজের ছুগ্গে অত্রের বীজ ২১ বার ভিজাইরা ২১ বার ছায়াতে শুক্ত করনান্তর মৃত্তিকাতে রোপণ করিয়া জল দিলে এক ঘণ্টা পরে ফল কুল রক্ষ জন্মে।

ইন্দ্ৰজাল ভারুমতি।

বস্ত্রোপরি অগ্নি ক্রীড়া দর্শাইবার কোঁশল।

এক খণ্ড বন্ত্র তুই ব্যক্তি পরস্পার সন্মুধে দণ্ডায়মান হইয়া সমান করিয়া টানিয়া ধরিবে, কোনদিগো কোঁচকান না থাকে, পরে কতকগুলি বড় মটর পরিমাণ কপূর্বের ডেলাতে অমি সংলগ্ন করিয়া ব্স্তের উপর ক্রমে ক্রমে নিক্ষেপ করিয়া নাড়িতে থাকিলে কপূর্বের বর্ত্ত্বভূলিত বস্তের উপর ভ্রমণ করিতে থাকিবে।

সঙ্কটাপন্ন বাটি কিয়া পান পাত্ৰ অৰ্থাৎ জল শূন্যে রাখিবার কোশল।

একটী কাঁচনির্মিত পানীয় পাত্র কিষা বাটি এমতরপে জলপূর্ণ করিবে, যে কোন ব্যক্তি স্পর্শ করিলেই জল পতিত হইবে।

প্রথমে একটা সামান্য পান করিবার প্লাস কিষা বাটি জলে পূর্ণ করিয়া ঐ পাত্রের মুখে একথণ্ড কাগজ এমতরূপে চাপা দিবে, যেন প্লাদের কানার চারিদিক ঢাকা পড়ে, তদনন্তর দক্ষিণ হন্তের তালু চাপা বাম হন্তে প্লাম ধারণ করত হঠাৎ উপ্টাইয়া (Table)টেবিলের উপর রাখিয়া প্লামে হাত চাপিয়া কাগজখণ্ড আন্তে আন্তে টানিয়া বাহির করিয়ালইলে প্লাসমধ্যে জলশ্ন্য খাকিবে; কিন্তু অন্য কোন ব্যক্তি প্লাস স্পর্শ করিলেই সমস্ত জল পড়িবে; স্বতরাং সভামধ্যে তিনি অপ্রতিত হইবেন।

জলোপরি অগ্নির ঘূর্ণায়মান গতি।

প্রথমে মটর পরিমাণ রিক্ষাইণ্ড (Refined) অর্থাৎ শোধিত
কপূঁরের গুটিকা করিয়া আরব্য সোঁদ কিয়া এতদেশীয় বাবলার আটা মাধাইয়া শুক করিয়া প্রস্তুত রাখিবে। পরস্তু
কোতৃক দশাইবার সময় বর্তুল গুলিতে অয়ি সংলগ্ন করত ধিরে
ধিরে জলপূর্ণ কোন গামলা অথবা অন্যপাত্তে ছাড়িয়া দিলে,
জলোপরি অয়ি যুরিতে থাকিয়া অতি সোন্দর্য দৃশ্য হইবে।

লোহিত বৰ্ণবৎ তপ্ত লোহ গুটিকা দন্তদারা অক্লেশে উত্তোলন করা ৷

প্রথমত দর্শক্রগণকে বলিবে, যে লোহিতবর্ণবং তপ্ত গুটিকা অঙ্কুলি দিয়া স্পর্শ করা যদিচ ভয়য়র, আমি অনা-য়াদে দন্তে করিয়া তুলিব, এইমত বক্তৃতা করত ওঠে না সংলগ্ন হয়, অতি সাবধান পূর্বক অকুতোভয়ে তাছা উল্ভোলন করিবে কিছুমাত্র পীড়াজনক হইবে না, ফলিতার্থ ইহাতে কিবল সাহস করা আবশ্যক, অন্য কিছুই নহে।

সভার সকল ব্যক্তির মুখ ভয়ানক দর্শাওন।

কিঞ্চিৎ লবণ আর (কুঙ্কুম) জাফরান স্বস্প পরিমাণ স্পীরিট (Spirit) মদিরাতে দ্রব করত কিঞ্চিৎ পাট তাহাতে ডুবাইরা অগ্রি সংলগ্ন করিলে ঐ আলোতে গৌরবর্ণ মনুষ্যকে সরুজ (শ্যামবর্ণ) এবং ওচ্চ্যের ও গালের লোহিতবর্ণকে ঘোর জলপাই রঙের ন্যায় দৃশ্য হইয়া সকলের মুখ মগুল ভিয়ানক হইবে।

Modern Cabinet of arts.

ছুই শীতল বস্তু দারা অগ্নি প্রজ্বলিত করণ।

একখানি রেকাবিতে স্বৰ্ণ্প পরিমাণ (acquafortis) একোয়াফরটীস রাখিরা (Turpentine) টার্পিনিটাইন, (oil of carraways) কেরোওয়ে কিষা অন্য কোন উত্তম তৈল ভাষাতে সংযোগ করিলেই অগ্নি প্রজ্বলিত ছইবে।

Young Man's Book of amusement.

তামাক্ খাইবার পাইপ অর্থাৎ নল দ্বারা কামানের ন্যায় শব্দ করণ।

এক (ounce) ঔষ্ণ যবাক্ষার, এক ঔষ্ণ (Cream of tartar) ক্লম আব টার্টার, আর অর্দ্ধ ঔষ্ণ গন্ধক পৃথক পৃথক চূর্ণ করত মিশ্রিত করিলে প্রস্তুত হইবে । পরস্তু ১ এক গ্রেণ পরিমাণ এই মিশ্রিত দ্রব্য একটা টোবাকো পাইপে প্রিয়া অগ্রি দংলগ্ন করিবামাত্রেই কামানের ন্যার শব্দ হইবে, এবং পাইপটিও ভগ্ন হইবে না।

বিনা অগ্নিতে তরল বস্তুকে উত্তপ্ত করিয়া ফুটান।

প্রথমত এক পাতলা বোতলে হুইভাগ (Sulphuric acid) গদ্ধকান ঢালিয়া একভাগ জল সংযোগ করিয়া, নাড়িতে থাকিলে উভয় দ্রব্যের মিলন হইয়া তৎক্ষণাৎ এত উষ্ণ হইবে, যে তাহাতে পাক কার্য্য সম্পন্ন হইবে।

ঝড় এবং নির্ব্বাতাস এককালীন দেখাইবার কেতিক।

একটা কাঁচপাত্র তিনভাগ জলে পূর্ণ করিয়া অবশিষ্টাংশ সমুদরই প্রায় তৈল দিয়া পূর্ণ করিবে, কিবল ঐ পাত্রের ধার অর্থাৎ কানা হইতে যে অবধি তৈল উঠিয়াছে সেই পর্যান্ত কিঞ্চিৎ শূন্য থাকিবে; তদনস্তর একগাছি শক্ত হত্র ঐ পাত্রে বেড় দিয়া বাদ্ধিয়া অন্য এক খাইয়ের এক দিক ঐ পাত্রে বেড় দিয়া বাদ্ধিয়া অন্য এক খাইয়ের এক দিক ঐ পাত্রে জড়ান হত্রের একদিকে এবং ঐ হত্রের অপর দিক তাহার বীপরিত দিকে এমত করিয়া বাদ্ধিবে যেন মধ্যভাগ ধরিয়া তুলিলে কাঁচপাত্রের মূখ হইতে হস্তে ধরিবার ছান এক Foot কুট পরিমাণ দীর্গে হয় রজ্জুর শিকার মত করিয়া সুলান যায়, অবশেষে ঐ প্রাম পাত্র অএ পশ্চাৎ করিয়া সুলাইতে থাকিলে তৈল স্কৃত্বির এবং সমান থাকিবে; কিন্তু নির্মান্ত উভয়ই এককালে দৃশ্য হইবে।

জলোপরে অগ্নির তরঙ্গ দর্শাওন।

এক চাপ দোবারা চিনি কিম্বা মিসবীর উপর কোঁটাকত (Phosphuretted ether) ফক্ষিউরেটেড ইথার নিক্ষেপ করিরা উষ্ণ জল পূর্ণ কাঁচ পাত্রে রাখিবে, পরে তাহাতে মুখের শ্বাস বায় দিবা মাত্রেই জলোপরি অগ্নির তরঙ্গময় দৃশ্য হইতে থাকিবে; কিন্তু এই কোতুক অন্ধকার গৃহমধ্যে দশাইলে অতি স্থানর শোভা হইবে।

M. C. A.

একটা লেছি শিক দ্বারা তণ্ডুল পূর্ণ কলসী উত্তোলন করণ।

প্রথমে গোপনে একটা মৃত্তিকা বা পিততের কলসে
তণ্ডুল পূর্ণ করিয়া একটা যতি দারা উত্তমরূপে চাসিবে কোনরূপে আল্লা না হয়, তৎপরে সকলের সমুখে তন্মধ্যে লোহ
শিক কিয়া তলওয়ার এক খান পুতিয়া অনায়াসে শ্ন্যে
উচান যাইবে;

হিন্দি পুস্তক।

এক গাড়ু জলকে ৭ সাত গাড়ু করা।

একটী পিত্তলের গাড়ু জল পূর্ণ করিয়া মৃত্তিকার গোলা গাড়ুর মুখে এমত করিয়া ডুবাইয়া রাখিবে, যেন গোলাচী গাড়র ভিতরে গালিয়া না পড়ে এবং কেহ দেখিতে না পার; পরে কেতিক দশাইবার সময় গাড়্টী উর্ড় করিয়া হস্তের তালুর উপর রাখিয়া কিঞ্চিৎ জল নিক্ষেপ করিয়াই অতি সহরে পুনরায় সোজা করিলে, গোলাটী জলমণ্যে ডুবিয়া থাকিবে; আর গাড়ুর মুখ পর্যান্ত জলে পূর্ণ হইবে; এইরপে সপ্তবার জল ফেলিলেও গাড়্টী জলে পূর্ণ দৃশ্য হইবে, অবশেষে গোপনে গোলাটী স্থানান্তর করিলে গাড়ুতে গোলা থাকা কেহ জানিতে না পারিয়া চমৎকার জ্ঞান করিবেন।

দ্রব্যাদি অগ্নিতে নিক্ষেপ করিলে দগ্ধ না হওয়া।

